দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 15 ■ 11th April, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত
কেরিয়ার ফেয়ার ২০২৬
১০ ও ১১ এপ্রিল, ২০২৬ (শুক্রবার ও শনিবার)
স্থানঃ জলসাগর, বহরমপুর (বহরমপুর রেল স্টেশনের পাশে), মুর্শিদাবাদ
বিনামূল্যে সুযোগ পেতে ফোন করুন : 6291684943

### স্টাফ সিলেকশন কমিশনের Phase-XIV পরীক্ষার মাধ্যমে

## কয়েক হাজার ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট

**মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

**রঞ্জিৎ ঘোষ, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ন্যাশনাল টেস্ট হাউস, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ন্যাশনাল লাইব্রেরি, অ্যানথ্রোপলজিক্যাল সার্ভে, মিনিস্ট্রি অফ টেক্সটাইল-সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে কাজের জন্য ক্লার্ক, আপার ডিভিশন ক্লার্ক, ফিল্ডম্যান, ড্রাইভার, স্টোরকীপার, লাইব্রেরি ক্লার্ক, অফিস অ্যাটেন্ড্যান্ট, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, হেলথ ওয়ার্কার, হেলথ অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট, পাব্লিক হেলথ নার্সিং অফিসার, বোটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট, ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার ইত্যাদি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

এরপর ২ পাতায়

ICE Academy
SSC, Rail ও Bank কোর্স
সেরা প্রশিক্ষকদের ক্লাস
WBCS ও WBPSC কোর্স
বিশেষজ্ঞদের ফ্রি গাইডেন্স
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

## ব্যাঙ্কে ১ হাজার অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক 'লোকাল ব্যাঙ্ক অফিসার' পদে ১,০০০ জন ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যেকোনো বাণিজ্যিক ব্যাঙ্ক বা, গ্রামীণ ব্যাঙ্কে অফিসার হিসাবে অন্তত ১৮ মাস কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৩-২০২৬'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ, জন্ম তারিখ হতে হবে ২-৩-১৯৯৬ থেকে ১-৩-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শুরুতে ৬ মাসের প্রবেশন। শূন্যপদ : ১,০০০টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে (বাংলা ভাষা) - ৩০ (জেনাঃ ১৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১। অসমে ৫০টি (জেনাঃ ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। ঝাড়খণ্ডে ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। গুজরাট ১২৫টি, কর্ণাটক ৬০টি, মহারাষ্ট্র ৬০টি, তেলেঙ্গানা ৩০টি, তামিলনাড়ুতে ৬৫টি, অরুণাচল প্রদেশে ১৫টি, নাগাল্যান্ডে ৫টি, ছত্তিশগড় ৮০, হিমাচল প্রদেশে ২০, কেরলে ১০, মধ্য প্রদেশে ৬০, ওড়িশায় ৮০,

এরপর ৩ পাতায়

### কলকাতার ১২২টি আইটি কোম্পানিতে

## ৪১,৬১২ AI বেসড ওয়েব ডিজাইনার ও গ্রাফিক্স ডিজাইনার

**পল্লবী দেওয়ান, সল্টলেক :** কলকাতার ১২২টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২০,০৩২ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ২১,৫৮০ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

পদ : AI বেসড ওয়েব ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা

এরপর ৪ পাতায়

## রেলে ৪২ শিক্ষক-শিক্ষিকা

**নিজস্ব সংবাদদাতা, পশ্চিম বর্ধমান :** ভারতীয় রেলের চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্স পোস্ট-গ্র্যাজুয়েট টিচার ও ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে ৪২ জন

এরপর ৬ পাতায়

## সেনাবাহিনীতে অগ্নিবীর

### দরখাস্ত করার শেষ তারিখ বাড়ল

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতীয় স্থলবাহিনী 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর' পদে অগ্নিবীর (জেনারেল ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর (ক্লার্ক/ স্টোরকীপার টেকনিক্যাল), অগ্নিবীর (ট্রেডসম্যান) পদে কয়েক হাজার ছেলে নেওয়ার জন্য অনলাইনে দরখাস্ত নেওয়ার শেষ তারিখ ১ এপ্রিল থেকে বাড়িয়ে ১০ এপ্রিল করা হয়েছে। কলকাতা হেড কোয়ার্টার্স রিক্রুটিং অফিসের মাধ্যমে নেওয়া হবে কলকাতা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া জেলার প্রার্থীদের থেকে। বহরমপুর আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে নেওয়া হবে মুর্শিদাবাদ, নদিয়া,

এরপর ৬ পাতায়

## সরকারি প্রেসে ৪৩১ অফিস অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা, নাসিক :** কারেন্সি নোট প্রেস নাসিক (CNPN), ব্যাঙ্ক নোট প্রেস দেওয়াস (BNPD), সিকিউরিটি প্রিন্টিং প্রেস হায়দরাবাদ (SPPH) ও ইন্ডিয়া সিকিউরিটি প্রেস নাসিক (ISPN) 'জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট' ও 'জুনিয়র টেকনিশিয়ান' পদে ৪৩১ জন লোক নিচ্ছে। কারা কোন পদে আবেদনের যোগ্য :

**জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৪০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৫৪০-৭৭,১৫০ টাকা। শূন্যপদ : CNPN-এ ১২টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। ISPN-এ ৬টি (জেনাঃ ৩,

এরপর ২ পাতায়

## ৫৩ স্টেনো

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** পটনা হাই কোর্ট 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট' পদে ৫৩ জন লোক নিচ্ছে। পলিটেকনিক বা, আই.টি.আই. থেকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং,

এরপর ২ পাতায়

## সামনের ৬ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৭২,৩৮০ চাকরি

### মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

**প্রমা দাস, কলকাতা :** সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'Deloitte' এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে, সামনের ৬ মাসে (এপ্রিল - সেপ্টেম্বর, ২০২৬) দেশের প্রায় ৭,৩২২টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৭২,৩৮০ জন 'ডিজিটালি স্কিলড কর্মী'র নিয়োগ হবে — যাদের

এরপর ৫ পাতায়

## প্রাইমারির স্থগিত ইন্টারভিউ হবে মে মাসের শেষে

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** প্রাইমারি টিচার পদে পুরুলিয়া, বাঁকুড়া, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, মালদা, পশ্চিম বর্ধমান, বীরভূম জেলার প্রার্থীদের ষষ্ঠ থেকে দশম ফেজ পর্যন্ত বাংলা মাধ্যমের যে ইন্টারভিউ হওয়ার তারিখ ৬ এপ্রিল থেকে ৬ জুন পর্যন্ত ঠিক ছিল, তা স্থগিত রাখা হয়েছে। পঞ্চম ফেজের ইন্টারভিউ ১৯ মার্চ

এরপর ২ পাতায়

## অসম রাইফেলসে ৯৫ রাইফেলম্যান

**নিজস্ব সংবাদদাতা, শিলং :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন অসম রাইফেলস পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন জেলা থেকে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' পদে ৯৫ জন লোক নিচ্ছে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন

এরপর ৬ পাতায়

## প্রতিরক্ষা সংস্থায় ৪০০ চাকরি

**নিজস্ব সংবাদদাতা, ভাণ্ডারা :** ভাণ্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরি 'ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার' ট্রেডে ৪০০ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা কোনো অর্ডন্যান্স ফ্যাক্টরিতে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ করে থাকলে আবেদন করার জন্য যোগ্য। বয়স হতে হবে ৩০-৪-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৪০০টি (জেনাঃ ১৭৬, ও.বি.সি. ১০৮, তঃজাঃ ৪০, তঃউঃজাঃ ৩৬, ই.ডব্লু.এস. ৪০)। এরমধ্যে প্রাঃসঃকঃ ৪০টি। ১ বছরের ট্রেনিং।

এরপর ২ পাতায়

### উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## বহরমপুরে ১০ ও ১১ এপ্রিল ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

**নিজস্ব প্রতিনিধি, বহরমপুর :** এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই/

এরপর ১২ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
WBCS প্রিলিমিনারি
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাফল্য
প্রতিটি মাত্র ৩০০/- টাকা

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

স্কুল-কলেজ-শিক্ষা

NIOS রবীন্দ্র BOSSE
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

স্কুল-কলেজ-শিক্ষা

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে BA, MA, BSc, MSc, LLB, BEd, MEd, MBA, Dip., B.Tech, M.Tech, Ph.D, MP, HS – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007
S

গ্র্যাজুয়েট ? ফার্মা ইন্ডাস্ট্রিতে গড়ুন একটি সফল ক্যারিয়ার
মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ হওয়ার জন্য পান প্রফেশনাল ট্রেনিং ও প্লেসমেন্ট সাপোর্ট। দেশের শীর্ষ ফার্মা কোম্পানিতে কাজের সুযোগের জন্য নিজেকে প্রস্তুত করুন। ১২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ENDEAVOUR ইতিমধ্যেই হাজারো গ্র্যাজুয়েটকে দিয়েছে সফল ক্যারিয়ার। আপনার নিকটতম ENDEAVOUR সেন্টার জানতে Call বা WhatsApp করুন : 8444922221

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

কর্মখালি

আর্জেন্ট নিয়োগ
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিশিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P.– স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900/-), PF, ESI, বোনাস-সহ থাকা ও খাওয়ার সুবিধা। M : 7890147824
SA(A)

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 8512941407
SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

কর্মখালি

URGENT VACANCY
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক- স্নাতক, বেতন: 21,000/- – 55,000/-, থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : +91 92425 79315
SA(A)

URGENT VACANCY
কলকাতা মেট্রোরেলে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS, স্নাতক উর্ধ্বে, বেতন: 18,500/-–65,500/-, যোগাযোগ M : 8536069866
SA(A)

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

কর্মখালি

URGENT HIRING
AIRPORT-এ কন্ট্রাক্টরের অধীনে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : HS-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22,700/-– 68,000/-. থাকা ও খাওয়া ফ্রী। M : 8535975379
SA(A)

JOB VACANCY
East-West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: H.S-স্নাতক ও উর্ধ্বে। বয়স : 18–45, বেতন : (21500 – 68900), M : 9073216314
SA(A)

কর্মখালি

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ-8482024344
M

100% জব ভ্যাকান্সি
কলকাতা মেট্রোরেলে জরুরীভিত্তিক বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P – স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900), PF, ESI, বোনাস-সহ বিশেষ সুবিধা। M : 9073791630
SA(A)

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## ৫৩ স্টেনো ১ পাতার পর

ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বি.সি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। অন্তত ১ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ৫৩টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১, ই.বি.সি. ৯, বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে মহিলাদের জন্য ১৭টি সীট সংরক্ষিত। বিজ্ঞপ্তিনং : Advt No. PHC / 01/ 2026, Date: 25.03.2026.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে স্ক্রিনিং টেস্ট হবে। তারপর লিখিত পরীক্ষা, ট্রেড টেস্ট ও ইন্টারভিউ। কবে কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন।

প্রার্থী বাছাইয়ের স্ক্রিনিং টেস্টে ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : জেনারেল অ্যাওয়ারনেস- ১৫ নম্বর, রিজনিং অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -১০, জেনারেল ইংলিশ -১৫, কম্পিউটার অ্যাপ্লিকেশন - ৬০ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে ২০০ নম্বরের এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে। সময় থাকবে ২ ঘন্টা। এরপর ট্রেড টেস্ট বা, স্কিল টেস্ট ১০০ নম্বরের। তারপর ৩০ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে ৩০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : http://patnahighcourt.bih.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার জে.পি.ই.জি. বা, জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,১০০ (তপশিলী হলে ৫৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর ফটো, সিগনেচার আপলোড করবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## সরকারি প্রেসে ৪৩১

১ পাতার পর

SPPH-এ ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং) :** আই.টি.আই. থেকে লিথো অফসেট মেশিন মিন্ডার, লেটার প্রেস মেশিন মিন্ডার, অফসেট প্রিন্টিং, প্লেটমেকিং, ইলেক্ট্রপ্লেটিং, প্লেট মেকার কাম ইম্পোজিটর বা, হ্যান্ড কম্পোজিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। প্রিন্টিং টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শূন্যপদ : BNPD-এ ২৫টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬)। CNPN-এ ২৫টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৪)। ISPN-এ ৩৪টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১১, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ৯)। SPPH-এ ২৪টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬)।

**জুনিয়র টেকনিশিয়ান (কন্ট্রোল) :** আই.টি.আই. থেকে লিথো অফসেট মেশিন মিন্ডার, লেটার প্রেস মেশিন মিন্ডার, অফসেট প্রিন্টিং, প্লেটমেকিং, ইলেক্ট্রপ্লেটিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। প্রিন্টিং টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শূন্যপদ : BNPD-এ ১৪টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৩)। CNPN-এ ২৫টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৫)। ISPN-এ ১৫৭টি (জেনাঃ ৬২, ই.ডব্লু.এস. ২১, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি. ৪০)। SPPH-এ ৩১টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৬)।

**জুনিয়র টেকনিশিয়ান (ফিটার) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শূন্যপদ : CNPN-এ ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ISPN-এ ১৫টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫)।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রনিক্স) :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শূন্যপদ : CNPN-এ ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ISPN-এ ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**জুনিয়র টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল) :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শূন্যপদ : CNPN-এ ৫টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। ISPN-এ ৬টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। SPPH-এ ১টি (জেনাঃ)।

**সুপারভাইজর (টেকনিক্যাল কন্ট্রোল) :** প্রিন্টিং টেকনোলজির প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বি.ই., বি.টেক.. বি.এসসি ইঞ্জিনিয়ারিং (প্রিন্টিং টেকনোলজি) কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৭,৬০০-৮৫,৯১০ টাকা। শূন্যপদ : BNPD-এ ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। CNPN-এ ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। ISPN-এ ১১টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪)। SPPH-এ ১টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ২৯-৪-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, ট্রেড টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ এপ্রিল থেকে ১৩ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://cnpnashik.spmcil.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন।

## প্রাইমারি স্থগিত ১ পাতার পর

পর্যন্ত হয়েছে। প্রাথমিক শিক্ষা পর্ষদ একটি স্বশাসিত সংস্থা। তাই আদর্শ আচরণবিধি এক্ষেত্রে কোনো বাধা নয়। তাও কেন ইন্টারভিউ প্রক্রিয়া স্থগিত হয়েছে তা স্পষ্ট নয়।

প্রাথমিক শিক্ষা পর্ষদের চেয়ারম্যান গৌতম পাল জানান, 'অনিবার্যকারণ বশত ইন্টারভিউ প্রক্রিয়া স্থগিত রাখা হয়েছে। নির্বাচন শেষ হলেই আবার ইন্টারভিউয়ের নতুন তারিখ ঘোষণা করা হবে। পঞ্চম ফেজের ইন্টারভিউ যথাসময়ে শেষ হয়েছে। ষষ্ঠ পর্যায়ে ২,৮৪৩ জন প্রার্থীর ইন্টারভিউ নেওয়ার কথা ছিল।'

## প্রতিরক্ষা সংস্থায় ৪০০ চাকরি

১ পাতার পর

যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্ট-এর মাধ্যমে। ট্রেড টেস্টে থাকবে ১০০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর ও প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : GA/Hire/ 152/05/2026.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.co.in

দরখাস্তের সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল আর নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। কোনো পরীক্ষা ফী দিতে হবে না। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of DBW Personnel on Tenure Basis'. দরখাস্ত পাঠাবেন স্পিড ডাকে। পৌঁছনো চাই ৩০ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Ordnance Factory Bhandara, District: Bhandra, Maharashtra, Pin-441906.

## কয়েক হাজার ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট ১ পাতার পর

নেওয়া হবে কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের মাধ্যমে 'Phase -XIV/2026/Selection Posts'-এর মাধ্যমে। কোন কোন পদে নেওয়া হবে, বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি ওয়েবসাইটে পাবেন। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার, তা মূল বিজ্ঞাপনে পাবেন। সব পদের বেলায় বয়স হতে হবে ১-৮-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৫ (পদ অনুযায়ী বয়স নির্ভর করবে) বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচিছন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'Phase -XIV/2026/Selection Posts' এর মাধ্যমে। পরীক্ষা হবে কম্পিউটার বেসড মোডে, মে থেকে জুলাইয়ের মধ্যে। এই পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে এক ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে যে পদের যোগ্যতা যেমন আছে, সেই পদ অনুযায়ী। যেমন, যে পদের জন্য যোগ্যতা মাধ্যমিক, সেক্ষেত্রে প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এ বিষয়ে বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in, www.sscer.org

এরপর ৫ পাতায়

### কলকাতার ১২২টি আইটি কোম্পানিতে

# AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ২৮,২৩২ চাকরি

## শুরুতেই মাইনে বছরে ৪ থেকে ৫ লাখ টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা IBM এর সিইও অরবিন্দ কৃষ্ণ ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৩ মাসে ৭,২২১ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৩,৫০০ নিয়োগ হয়েছে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৫,০০০ থেকে ৬,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১৫০ থেকে ২০০ নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে AI বেসড ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৪ থেকে ৫ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩০.০৪.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে ডিজিটাল মার্কেটিং-এর ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য **SEMrush** বা **Google Keyword Planner** বা **Ubersuggest**-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য **Buffer** বা **Hootsuite**-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৩) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৪) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation আলাদাভাবে শেখানো হয়। যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে এই মুহূর্তে শেখানো হয় না। এই ট্যুলস জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৪,০০,০০০ থেকে ৫,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৬) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৭) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৮) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১০) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ২,৪০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৪,০০,০০০ টাকা থেকে ৫,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৪০টি থেকে ৫০টি কোম্পানিতে ১,৫০০ থেকে ২,৫০০ চাকরি হয়।**

# কম খরচে Law পাশ করার পর আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

**বিশেষ প্রতিবেদন :** প্রত্যেক পরিবারে একজন করে আইনজীবী (Advocate) থাকা জরুরি। কারণ পশ্চিমবঙ্গ তথা ভারতের রাজনৈতিক অস্থিরতা যেভাবে প্রতিনিয়ত বাড়ছে, তাতে আপনি বা আপনার পরিবার কখন কীভাবে কোন আইনি ঝামেলায় জড়িয়ে পড়বেন না তার কোনো নিশ্চয়তা নেই। তাই পরিবারের একজন আইন বিশেষজ্ঞ থাকলে আপনার আইনি সমস্যা জড়িয়ে পড়ার সম্ভাবনা কম আর জড়িয়ে পড়লেও সহজে আইনি মোকাবিলা করতে পারবেন। মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভরতি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে আইনি পেশায় প্রতিষ্ঠিত হয়েছেন। 'ল পয়েন্টে'র কিছু ছাত্রছাত্রী সরকারি ও বেসরকারি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্থার 'ল' অফিসার হিসাবে সুনামের সঙ্গে চাকরি করছেন। যেসব শিক্ষিত বেকার যুবক-যুবতী ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে হতাশা ও দীশাহীনভাবে দিন কাটাচ্ছেন, তাঁরা 'ল' পয়েন্টে'র মাধ্যমে LL.B পাশ করে আইনি পেশার মাধ্যমে নিজেকে প্রতিষ্ঠিত করে তুলুন। এটা শুধুমাত্র Law পড়ানোর কোচিং সেন্টার নয়, এখানে Law পাশ করে কীভাবে এই পেশায় নিজেকে প্রতিষ্ঠিত করবেন তার সব সহযোগিতা ও গাইড দেওয়া হয়। এই প্রতিষ্ঠানের মাধ্যমে High Court ও Lower Court V.sit এবং ইন্টার্ণশিপেরও ব্যবস্থা করানো হয়। এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে আইনজীবি হিসাবে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

## ভারত সেবাশ্রম সংঘ

স্বামী প্রণবানন্দ বিদ্যামন্দির (জম্মু) স্কুলে সহকারী শিক্ষক নিয়োগ বিজ্ঞান বিভাগে। শূন্যপদ : 5, শিক্ষাগত যোগ্যতা : B.Sc. / M.Sc. / B.Ed. থাকলে ভালো। অভিজ্ঞ এবং অনভিজ্ঞ সবাই আবেদন যোগ্য।

**যোগাযোগ : 9933978395, 8100737937, সিভি ইমেইল করুন : spvmjammu@gmail.com**

## WANTED

1 (One) Post for **ASSISTANT TEACHER** for Higher Secondary Section

**Subject: Commerce**

**Educational Qualification:** Hons./P.G (with B.Ed.)

**Age limit : 40 years (as on 01/04/2026).** Apply to The Secretary, Sree Ramkrishna Sishu Tirtha High School, Dankuni, Hooghly, Pin- 712311 (Non aided Private School) within **18/04/2026 (2.00 p.m)** with all the photocopies of your testimonials, age proof (Madhyamaik/ ICSE/ CBSE Admit Card) and a recent passport size photograph.

**Please follow our website www.srshs.com**

(Applications through e-mail will be rejected).

## ব্যাঙ্কে ১ হাজার ১ পাতার পর

উত্তর প্রদেশে ২০০, পঞ্জাবে ১০০। চাকরি হবে জে.এম.জি.-। স্কেলে। প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে :কলকাতা, কল্যাণী, শিলিগুড়ি, হুগলি, আসানসোল, আগরতলা, গ্যাংটক, শিলং। অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের পেপারে ২ ঘন্টার ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ নলেজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) ব্যাঙ্কিং নলেজ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। (৩) জেনারেল অ্যাওয়ারনেস /ইকোনমি/ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (৪) কম্পিউটার অ্যাপ্টিটিউড - ২০ নম্বরের ২০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে ৪০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। সফল হলে ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট হবে। তারপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে। দরখাস্ত করবেন অনলাইনে, ২০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : https://punjabandsind.bank.in এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী এবং অন্যান্য অনগ্রসর শ্রেনী উন্নয়ন ও বিত্ত নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি এফ, ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা - ৭০০০৬৪

তপশিলী জাতিভুক্ত যুবক / যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ

যোগ্যতা : বয়স ১৮ বছর থেকে ৩৫ বছর — পারিবারিক বার্ষিক আয় : সর্বাধিক ৩ লক্ষ টাকা

| প্রশিক্ষণ কেন্দ্রর ঠিকানা | 1st Floor, Raghunath Hindu Hotel, Near Arati More, Bolpur, Pin. - 731204 Contact No. - 90463 24597 |
|---|---|

| জেলা | বিষয় | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| Bolpur (Birbhum) | Beuty Therapist BWS/Q0102 (Duration : 510 Hrs.) | 90 | H.S. (Pass) |

প্রকল্প রূপায়ণে - BWSSC

অনলাইনে সরাসরি আবেদন করুন : www.wbbcdev.webstep.in Help Line No. - 97355 44736

আবেদন করার শেষ তারিখ : 10/04/2026

## ৪১,৬১২ AI বেসড ওয়েব ডিজাইনার

১ পাতার পর

আবেদন করতে পারেন এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০.০৪.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (জানুয়ারি - মার্চ) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **AI based Web Designer ও AI based Graphics Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইন। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX** ডিজাইনার লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং ও ওয়েব ডিজাইনিংয়ের ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন।** সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই,** যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে **এই ধরনের প্রফেশনালসদের।** অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর আর ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **AI বেসড ওয়েব ডিজাইনিং ও AI বেসড গ্রাফিক্স ডিজাইনিং** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই AI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT, Gemini মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Frendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ৪টি **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখন থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই ওয়েব ডিজাইনিং ও UI / UX ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্ট'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX ডিজাইনিং** (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **ওয়েব ডিজাইনিং (UI / UX ডিজাইন সহ)** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ১৫,০০০/- - ১৮,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'ওয়েব ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেটে বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই AI বেসড ওয়েব ডিজাইনিং শিখতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রি ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখন থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **AI Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

# সশস্ত্র সীমা বলে ৮২৭ কনস্টেবল নিয়োগ

কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন অন্যতম গুরুত্বপূর্ণ বাহিনী সশস্ত্র সীমা বলে কনস্টেবল পদে ৮২৭ জন লোক নেওয়া হবে। দরখাস্ত নেওয়ার বিজ্ঞপ্তি বেরিয়েছে ২ সপ্তাহ আগে। ফর্ম ফিলাপ করার শেষ দিন ২১ এপ্রিল। পরীক্ষার প্রস্তুতির জন্য সময় খুবই কম। প্রস্তুতির ব্যাপারে অবহেলা করে সুযোগ নষ্ট করবেন না। এই পরীক্ষায় কোন কোন বিষয় থাকবে ও তার জন্য কীভাবে এই মাস' খানেক সব কিছু ভুলে প্রস্তুতি নেবেন, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।



**রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়**

এই অত্যন্ত গুরুত্বপূর্ণ নিয়োগের জন্য সারা দেশজুড়ে কয়েক লাখ প্রার্থী আবেদন করবে। এ কথা অনস্বীকার্য যোগ্যতার ভিত্তিতে এই প্রার্থীদের নিয়োগ পদ্ধতি অত্যন্ত কঠিন। নিয়োগের পর মাসিক ২১,৭০০ টাকা থেকে বেতন ও সঙ্গে অন্যান্য আকর্ষণীয় সুযোগ সুবিধা মিলবে। ন্যূনতম মাধ্যমিক পাস হলেই একজন প্রার্থী এই চাকরিতে আবেদনযোগ্য। আগ্রহীদের নির্দিষ্ট তারিখের আগে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।

এখানে বিভিন্ন ট্রেডে কাজের জন্য প্রার্থীদের কনস্টেবল হিসাবে নিয়োগ করা হবে। কোন ট্রেডে ক'টি করে শূন্যপদ রয়েছে সেই হিসাব নিচে দেওয়া হল।

কনস্টেবল (ড্রাইভার - পুরুষ) ৫৫৩টি পদ।
কনস্টেবল (ভেটেরিনারি) ৩৪টি পদ।
কনস্টেবল (ওয়াশারম্যান) ৭৪টি পদ।
কনস্টেবল (বার্বার) ৪৩টি পদ।
কনস্টেবল (গার্ডেনার) ৪১টি পদ।
কনস্টেবল (টেইলর) ৪১টি পদ।

অন্যান্য পদ : কুক, ওয়াটার কেরিয়ার, কবলার, কার্পেন্টার ও নার্সিং অর্ডারলি পদেও নিয়োগ করা হবে।

**শিক্ষাগত যোগ্যতা :**

সশস্ত্র সীমা বলে কনস্টেবল পদে আবেদনের জন্য একজন প্রার্থীকে ন্যূনতম মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় পাস হতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট পদে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়সসীমা :** এখানে ০১.০১.২০২৬ অনুযায়ী একজন প্রার্থীকে সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ২৭ বছর বয়সের মধ্যে থাকতে হবে। সরকারি নিয়ম অনুযায়ী এসসি/এসটি প্রার্থীদের জন্য ৫ বছর, ওবিসি প্রার্থীদের জন্য ৩ বছর ও প্রাক্তন সেনাদের জন্য নির্দিষ্ট ছাড় রয়েছে।

**বেতন কাঠামো :** নির্বাচিত প্রার্থীদের সপ্তম বেতন কমিশন (7th সিপিসি) অনুযায়ী পে-লেভেল ৩-এর অন্তর্ভুক্ত করা হবে। যার মূল বেতন ২১,৭০০-৬৯,১০০ টাকা। এছাড়া মহার্ঘ ভাতা, বাড়ি ভাড়া ভাতা ও অন্যান্য সরকারি সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

**কীভাবে আবেদন করবেন?**

আগ্রহী প্রার্থীদের এসএসবি-র অফিসিয়াল ওয়েবসাইট https://recruitment.ssb.gov.in-এ যেতে হবে।

প্রয়োজনীয় তথ্য যেমন নিজের নাম, বৈধ মোবাইল নম্বর, ইমেল আইডি, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, ট্রেড ইত্যাদি সঠিকভাবে বসিয়ে আবেদনপত্র পূরণ করে নিতে হবে।

তারপর নিজের সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি ও সিগনেচার স্ক্যান করে আপলোড করতে হবে।

এরপর আবেদন ফি জমা করে অ্যাপ্লিকেশন সাবমিট করতে হবে।

**আবেদন ফি :** ইউআর, ইডব্লিউএস ও ওবিসি প্রার্থীদের জন্য আবেদন ফি ১০০ টাকা। তবে এসসি, এসটি, প্রাক্তন সেনা ও মহিলা প্রার্থীদের কোনো আবেদন ফি দিতে হবে না।

**নির্বাচন প্রক্রিয়া :** SSB কনস্টেবল নিয়োগের নির্বাচন প্রক্রিয়া কয়েকটি ধাপে সম্পন্ন হবে -

**শারীরিক দক্ষতা পরীক্ষা (পিইটি):** প্রথমেই একটি শারীরিক ক্ষমতা যাচাই পরীক্ষা নেওয়া হবে। এখানে পুরুষদের জন্য ৪.৮ কিমি দৌড় ২৪ মিনিটে ও মহিলাদের জন্য ২.৪ কিমি দৌড় ১৮ মিনিটে সম্পন্ন করতে হবে।

**শারীরিক পরিমাপ পরীক্ষা (পিএসটি):** এরপর হবে শারীরিক যোগ্যতার মাপকাঠির পরীক্ষা। এখানে উত্তীর্ণ প্রার্থীদের উচ্চতা ও বুকের ছাতির মাপ পরীক্ষা করা হবে।

**লিখিত পরীক্ষা (সিবিটি):** তৃতীয় ধাপে ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন থাকবে জেনারেল নলেজ, গণিত, রিজনিং ও ইংরিজি/হিন্দি থেকে। সময় থাকবে ২ ঘন্টা। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ন্যূনতম ৫০% ও সংরক্ষিত ক্যাটাগরির প্রার্থীরা ন্যূনতম ৪৫% নম্বর ফেলে উত্তীর্ণ হবে।

**জেনারেল নলেজ প্রস্তুতি :**

● **কী পড়বে:** ভারত ও বিশ্বের ইতিহাস
ভূগোল (ইন্ডিয়া + ওয়ার্ল্ড)
সংবিধান ও রাজনীতি
সাম্প্রতিক ঘটনা (কারেন্ট অ্যাফেয়ার্স)
বিজ্ঞান (বেসিক ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি)

● **কীভাবে পড়বে:** ১. প্রতিদিন ২০-৩০ মিনিট খবর পড়ো মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ ব্যবহার করো গুরুত্বপূর্ণ তারিখ, বই-লেখক, পুরস্কার মুখস্থ করো

২. ম্যাথমেটিক্স (গণিত)

● **গুরুত্বপূর্ণ টপিক:** সংখ্যা পদ্ধতি
শতকরা (পার্সেন্টেজ)
লাভ-ক্ষতি (প্রফিট এন্ড লস)
সময় ও কাজ
সময় ও দূরত্ব
গড় (অ্যাভারেজ)
সরল সুদ (সিম্পল ইন্টারেস্ট)

● **টিপস:** প্রতিদিন অন্তত ২০-২৫ টি সমস্যা প্র্যাকটিস করো
শর্টকাট ফর্মুলা শিখতে হবে

৩. রিজনিং (যুক্তি)

● **টপিক:** এনালজিস
কোডিং - ডিকোডিং
সিরিজ (নম্বর/অ্যালফাবেট)
ব্লাড রিলেশন
ডিরেকশন টেস্ট
ভেন ডায়াগ্রাম

● **টিপস:** নিয়মিত এমসিকিউ প্র্যাকটিস
আগের বছরের প্রশ্ন খুব কাজে লাগে

৪. ল্যাঙ্গুয়েজ (হিন্দি/ইংরিজি)

● **কী পড়বে:** গ্রামার (টেন্স, ভয়েস, পার্টস অফ স্পিচ)
সিনোনিমস/অ্যান্টোনিমস
কম্প্রিহেনশন
এরর কারেকশন

● **টিপস:** প্রতিদিন ১টি ছোটো প্যাসেজ পড়ো।
গ্রামার রুলস নোট করে রাখো।

**ডকুমেন্টেশন ও স্কিল টেস্ট:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের অরিজিনাল ডকুমেন্ট ভেরিফিকেশন ও সংশ্লিষ্ট ট্রেডের দক্ষতা যাচাইয়ের জন্য ডাকা হবে।

**মেডিকেল পরীক্ষা:** চূড়ান্ত পর্যায়ে প্রার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য পরীক্ষা করে নিয়োগ করা হবে।

**গুরুত্বপূর্ণ তারিখ :**

আবেদন শুরু - ২০২৬ সালের ২১ মার্চ।
আবেদন শেষ - ২০২৬ সালের ২০ এপ্রিল পর্যন্ত।

ব্যাঙ্ক, রেল, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## ৬ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৭২,৩৮০ চাকরি

১ পাতার পর

বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ। এই ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে 'আমি জানি' বললে কেউ বিশ্বাস করে না —

'আমি করে দেখাতে পারি' বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program In Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং — ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (৯) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## কয়েক হাজার ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট

২ পাতার পর

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssconline.nic.in, www.ssc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৪-২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১-১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন পদে কেমন যোগ্যতা ইত্যাদি আরো বিস্তারিত তথ্য পাবেন মূল বিজ্ঞাপনে।

TEACHERS REQUIRED
English Medium School
Dhosa, South 24 Parganas, WB,
Applications are invited for
Pre-Primary / Primary
Grad, Montessori /
NTT / D.El.Ed / B.Ed.
Mail your CV to
info@dcbs.in
Further details call :
9748361720

নার্সিং জয়েন্ট এন্ট্রান্স — একচান্সে সাফল্যের কৌশল!

আমরা সকলে অবগত আছি যে, আগামী ১৪ই জুন (রবিবার), ২০২৬ এবছরের নার্সিং জয়েন্ট পরীক্ষার তারিখ। প্রায় ১০,০০০ লোভনীয় পদে ভর্তির জন্য পরীক্ষায় বসতে চলেছেন কয়েক লক্ষ তরুণ-তরুণী। এই স্বল্প সময়ের নিরীখে এরকম একটি তীব্র প্রতিদ্বন্দ্বিতামূলক পরীক্ষায় একচান্সে সাফল্যের ব্যাপারে অনেকেই সন্দিহান বা আতঙ্কিত। তাদের এই আতঙ্ক দূর করতে এবং একচান্সে সাফল্য এনে দিতে ক্যাসেস্ এডুকেশন, কলকাতার এক অনন্য উপহার 'ক্যাসেস সাকসেস্ নার্সিং জয়েন্ট'। এবিষয়ে বিস্তারিত জানতে অথবা সত্বর ভর্তি হতে আজই চলে আসুন এই ঠিকানায় অথবা সরাসরি ফোন করুন এই নম্বরে। আমাদের অঙ্গীকার সকল সিরিয়াস পরীক্ষার্থীকে এবছরেই নার্সিং জয়েন্টের গণ্ডি ওতড়ানো। আপনাদের সেবায়— ক্যাসেস্ এডুকেশন, 35, এপিসি রোড, কলি-৯ (শিয়ালদহ জগৎ সিনেমার পাশে)।

90627 56906 / 9123325 910

বিঃ দ্রঃ ফোন করিবার সময় 10.00 am to 8.00 pm



গত সপ্তাহের পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**২০ জানুয়ারি :** 'রিসোর্সিং বিকশিত ভারত' থিমে আয়োজিত, ১০৪ তম স্কচ সম্মেলনে 'স্কচ পুরস্কার ২০২৫' পেল 'সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ টেলিম্যাটিক্স'। তাদের 'সেল ব্রডকাস্ট সলিউশন'এর জন্য এই পুরস্কার পেল সংস্থাটি, যা একটি দেশীয় দুর্যোগ ও জরুরি সতর্কতা প্ল্যাটফর্ম। এই সিস্টেমে 'ইন্ডিয়া মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্ট', 'সেন্ট্রাল ওয়াটার কমিশন', 'ইন্ডিয়ান ন্যাশনাল সেন্টার ফর ওশান ইনফর্মেশন সার্ভিসেস', 'ডিফেন্স জিও-ইনফর্মেটিক্স রিসার্চ এস্টাবলিশমেন্ট' ও 'ফরেস্ট সার্ভে অফ ইন্ডিয়া'র মতো সংস্থাগুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এটি রাজ্য ও জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মোবাইল নেটওয়ার্কের মাধ্যমে প্রায় রিয়েল-টাইম, ভৌগোলিকভাবে নির্দিষ্ট ও বহুভাষিক দুর্যোগ সতর্কতা প্রদান করে।

□ আর্মেনিয়ার উদ্দেশ্যে অত্যাধুনিক গাইডেড পিনাকা রকেট সিস্টেম পাঠানো শুরু করল ভারত। এরমধ্যেই প্রথম ধাপের ডেলিভারি প্রক্রিয়া শুরু হয়ে গেছে। আর্মেনিয়ার সঙ্গে ভারতের প্রায় ২৫০ মিলিয়ন ডলার (ভারতীয় মুদ্রায় আনুমানিক ২,০০০ কোটি টাকা) মূল্যের একটি বিস্তৃত প্রতিরক্ষা চুক্তি হয়েছে। সেই চুক্তির আওতায়, আর্মেনিয়া পাবে ৪টি পিনাকা ব্যাটারি, সঙ্গে থাকবে সংশ্লিষ্ট লঞ্চার যান, গোলাবারুদ ও যুদ্ধক্ষেত্রে ব্যবহারের জন্য প্রয়োজনীয় অন্যান্য সহায়ক সরঞ্জাম। আর্মেনিয়ার জন্য যে পিনাকা সিস্টেম সরবরাহ করা হচ্ছে, তার বিশেষত্ব হল ৭৫ কিলোমিটার পাল্লার গাইডেড রকেট ভ্যারিয়েন্ট। এই রকেট অত্যন্ত নির্ভুলভাবে লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম। 'মেক ইন ইন্ডিয়া' উদ্যোগের আওতায় তৈরি এই রকেট ব্যবস্থা আন্তর্জাতিক বাজারে ভারতের অবস্থানকে আরও শক্তিশালী করবে।

□ 'এশিয়ান বক্সিং কাউন্সিল'এর সদস্যপদ পেলেন ভারতীয় বক্সার বিজেন্দর সিং। দেশের হয়ে অলিম্পিক্সে বক্সিং থেকে প্রথম পদক জিতেছিলেন তিনি।

**২১ জানয়ারি :** সপ্তমবারের মতো উগান্ডার প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন ইয়োয়েরি মুসেভেনি।



**দীর্ঘ ২৭ বছরের মহাকাশ যাত্রার পর, অবসর নিলেন 'নাসা'র ভারতীয় বংশোদ্ভূত মহাকাশচারী ৬০ বছর বয়সি সুনীতা উইলিয়ামস। ২০২৫ সালের ২৭ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে অবসর নিয়েছেন তিনি। 'নাসা'র হয়ে তিনটি আন্তর্জাতিক মহাকাশ স্টেশন মিশনে অংশ নিয়েছিলেন সুনীতা। এই সময়ে তিনি একের পর এক মানব মহাকাশ অভিযানের রেকর্ড গড়েন। সবমিলিয়ে তিনি মহাকাশে কাটিয়েছেন ৬০৮ দিন, যা নাসার কোনো মহাকাশচারীর মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ। মোট ৯ বার স্পেসওয়াকও করেছেন তিনি।**

□ 'উড়ান' প্রকল্পের অধীনে, সিমলার সঞ্জৌলি হেলিপোর্ট থেকে, হেলিকপ্টার পরিষেবার উদ্বোধন করলেন হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু। এই উদ্যোগের ফলে, কুলু'র 'ভুন্তার বিমানবন্দর' ও রেকং পিও'তে দৈনিক ফ্লাইট চালু করা হচ্ছে আর তার পাশাপাশি চণ্ডীগড়ের সঙ্গে সপ্তাহে তিনবার বিমান সংযোগ স্থাপন করা হবে। এই উদ্যোগের লক্ষ্য হল, এই পাহাড়ি রাজ্যটিতে বিমান যোগাযোগ জোরদার করা ও পর্যটনকে উৎসাহিত করা।

**২২ জানুয়ারি :** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পএর গড়া 'বোর্ড অফ পিস'এ যোগ দিল ইজরায়েল। ট্রাম্পের ২০ দফা শান্তি পরিকল্পনার অংশ হিসাবে ১৫ জানুয়ারি 'বোর্ড অফ পিস' গঠন করা হয়। এর লক্ষ্য হল, যুদ্ধবিধ্বস্ত গাজার পুনর্গঠন ও প্রশাসনিক কাজ তদারকি করা। সেই বোর্ডে যোগ দেওয়ার জন্য ভারত-সহ বিশ্বের একাধিক দেশকে আমন্ত্রণ জানিয়েছিলেন ট্রাম্প। 'বোর্ড অফ পিস'এ একটি প্রধান পর্ষদ থাকবে। তার চেয়ারম্যান হবেন ট্রাম্প নিজে। দ্বিতীয়টি হবে এক্সিকিউটিভ বোর্ড, যা মূলত পরামর্শদাতার ভূমিকায় থাকবে। প্রসঙ্গত উল্লেখ্য, ইজরায়েলের পাশাপাশি এই শান্তি কমিটিতে যোগ দিতে সম্মতি দিয়েছে সংযুক্ত আরব আমিরশাহী, মরক্কো, ভিয়েতনাম, বেলারুশ, হাঙ্গেরি, কাজাখ-ই-স্তান ও আর্জেন্তিনা।



**২০২৫ সালের জন্য 'ইন্দিরা গান্ধী শান্তি, নিরস্ত্রীকরণ ও উন্নয়ন পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন মোজাম্বিকের মানবাধিকার** কর্মী গ্রাকা মাচেল। শিক্ষা, শিশু কল্যাণ, নারী ক্ষমতায়ন, মানবিক কাজ ও বিশ্বব্যাপী শান্তি ও সামাজিক ন্যায়বিচার প্রচারে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। পুরস্কারের মধ্যে রয়েছে নগদ ১ কোটি টাকা, একটি ট্রফি ও একটি সম্মাননাপত্র। প্রসঙ্গত উল্লেখ্য, দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী'র স্মরণে, 'ইন্দিরা গান্ধী মেমোরিয়াল ট্রাস্ট'এর তরফ থেকে ১৯৮৬ সাল থেকে প্রতি বছর এই পুরস্কার দেওয়া হয়।

□ ২০২৬ সালে 'নাম্বিও সেফটি ইনডেক্স'এ বিশ্বের সবথেকে নিরাপদ শহরের তকমা পেল চিনের কিংদাও (নিরাপত্তা স্কোর ৮৯.২) আর ভারতের সবথেকে নিরাপদ শহরের তকমা পেল কর্ণাটকের ম্যাঙ্গালুরু (নিরাপত্তা স্কোর ৭৪.৪)। 'নাম্বিও সেফটি ইনডেক্স' হল একটি বার্ষিক বৈশ্বিক র‍্যাঙ্কিং, যা শহর ও দেশগুলির নিরাপত্তা ও অপরাধের মাত্রা পরিমাপ করে।

□ আনুষ্ঠানিকভাবে 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' থেকে নিজেদের সরিয়ে নিল মার্কিন যুক্তরাষ্ট্র। দেশটির অভিযোগ, রাষ্ট্রপুঞ্জের নিয়ন্ত্রণাধীন 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' যথাযথভাবে কোভিড অতিমারির মোকাবিলা করতে পারেনি। তারা আরও অভিযোগ করেছে, 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' অন্য দেশের মাধ্যমে রাজনৈতিকভাবে প্রভাবিত আর তার জন্য ওই সংস্থায় দীর্ঘ দিন ধরে কোনো সংস্কার হয়নি। প্রসঙ্গত উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র সর্ববৃহৎ অর্থদাতা দেশ ছিল।

**২৩ জানুয়ারি :** গুটখা, পান মশলা, তামাক বা নিকোটিনযুক্ত সব পণ্যের ওপর কঠোর নিষেধাজ্ঞা জারি করল ওড়িশা রাজ্য স্বাস্থ্য বিভাগ। এই উদ্যোগের উদ্দেশ্য হল, এই পণ্যগুলির অপব্যবহার রোধ করা ও জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা। এই নিষেধাজ্ঞা প্যাকেটজাত ও প্যাকেটবিহীন উভয় ধরনের পণ্যের ক্ষেত্রেই প্রযোজ্য।

**২৫ জানুয়ারি :** ভারতের প্রথম রাজ্য হিসাবে, ৩১ মার্চের মধ্যে রাজ্য জুড়ে 'ক্রনিক কিডনি ডিজিজ' রেজিস্ট্রি চালু করার পরিকল্পনা নিল ওড়িশা সরকার। এই রেজিস্ট্রিটি রাজ্য সরকারকে ক্রনিক কিডনি ডিজিজের ব্যাপকতা মূল্যায়ন করতে ও স্বাস্থ্য কর্মসূচি প্রণয়ন করতে সহায়তা করবে। এজন্য স্বাস্থ্য প্রতিষ্ঠান, গবেষণা সংস্থা ও বিভাগের বিশেষজ্ঞদের নিয়ে একটি রাজ্য টাস্ক ফোর্স আর টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে শুরু করে মেডিক্যাল কলেজ পর্যন্ত সব স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান ক্রনিক কিডনি ডিজিজের ঘটনা রিপোর্ট করবে। রেজিস্ট্রি সফটওয়্যারটি তৈরি করছে 'ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার'।

এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## রেলে ৪২ শিক্ষক-শিক্ষিকা

১ পাতার পর

শিক্ষক-শিক্ষিকা নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার :** নেওয়া হবে এইসব বিষয়ে : ইংরিজি, বাংলা, এস.এস.টি., ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, অঙ্ক, হিন্দি।

ইংরিজি, বাংলা, এস.এস.টি., ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, অঙ্ক, হিন্দি বিষয়ের গ্র্যাজুয়েটরা ২ বছরের ডি.এল.এড. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সংশ্লিষ্ট বিষয়ের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলেও যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা ৪ বছরের বি.এল.এড. কিংবা ৪ বছরের বি.এ., বি.এসসি. এড. / বি.এ. এড বা, বি.এসসি. এড কোর্স পাশরাও যোগ্য। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা ১ বছরের বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হলেও যোগ্য। মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে পোস্ট-গ্র্যাজুয়েটরা ৩ বছরের ইন্টিগ্রেটেড বি.এড.-এম.এড. কোর্স পাশ হলেও যোগ্য। সংশ্লিষ্ট মাধ্যমের স্কুলে পড়ানোর দক্ষতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ২৬,২৫০ টাকা। শূন্যপদ : আর্টস /ল্যাঙ্গোয়েজ -ইংরিজি-৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। আর্টস /ল্যাঙ্গোয়েজ-বাংলা-১টি (ও.বি.সি.)। এস.এস.টি. ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক-৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

**পোস্ট-গ্র্যাজুয়েট টিচার :** নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, অঙ্ক, কম্পিউটার, হিন্দি, বাংলা, ইতিহাস, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, কমার্স। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে সংশ্লিষ্ট বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, নিউক্লিয়ার ফিজিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা 'ফিজিক্স' বিষয়ের জন্য, কেমিস্ট্রি বা, বায়োকেমিস্ট্রির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা 'কেমিস্ট্রি' বিষয়ের জন্য, বটানি, জুলজি, লাইফ সায়েন্স, বায়ো সায়েন্স, জেনেটিক্স, মাইক্রোবায়োলজি, বায়ো টেকনোলজি, মলিকিউলার বায়ো, প্ল্যান্ট ফিজিওলজির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা 'বায়োলজি' বিষয়ের জন্য, অঙ্ক বা, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা 'ম্যাথমেটিক্স' বিষয়ের জন্য, ইকনমিক্স, অ্যাপ্লায়েড ইকনমিক্স, বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা 'ইকনমিক্স' বিষয়ের জন্য, কম্পিউটার সায়েন্স /আই.টি.'র বি.ই. / বি.টেক. কোর্স পাশরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ, ডোয়েক থেকে 'বি' বা, 'সি' লেভেল কোর্স পাশ কিংবা কম্পিউটার সায়েন্সের এম.এসসি. /এম.সি.এ. কোর্স পাশরা 'কম্পিউটার' বিষয়ের জন্য যোগ্য। সব ক্ষেত্রে কম্পিউটারে জ্ঞান থাকলে ভালো হয়। সংশ্লিষ্ট মাধ্যমের স্কুলে পড়ানোর দক্ষতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ২৭,৫০০ টাকা। শূন্যপদ : ফিজিক্স ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। কেমিস্ট্রি ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। বায়োলজি ১টি (ও.বি.সি.), অঙ্ক-২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১)। কম্পিউটার ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। হিন্দি ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। বাংলা -১টি (তঃজাঃ)। ইতিহাস ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১), রাষ্ট্রবিজ্ঞান ১টি, (ও.বি.সি.), ভূগোল ১টি (জেনাঃ)। অর্থনীতি ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কমার্স ২টি (ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**ফিজিক্যাল ইন্সট্রাক্টর :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ফিজিক্যাল এডুকেশনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

ওপরের সব পদের বেলায়ই শিক্ষকতার কাজে দক্ষতা থাকতে হবে। চাকরি হবে চুক্তিতে। অন্তত ২০০টি ওয়ার্কিং দিন কাজ করতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৬৫ বছরের মধ্যে। এই পদের বিজ্ঞপ্তি নং : GMA/School/G/Contractual TCR, Date: 26-03-2026.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ৯ এপ্রিল থেকে ২০ এপ্রিলের মধ্যে, বেলা সাড়ে ৯টায়। এই ঠিকানায় : হিন্দি লাইব্রেরি, জি.এম. অফিস বিল্ডিং, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্স, চিত্তরঞ্জন, পশ্চিম বর্ধমান। ইন্টারভিউ দিতে তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা-সহ যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা ১ কপি জেরক্স আর ২ কপি পাশপোর্ট মাপের ফটো। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.clw.indianrailways.gov.in

## প্রাইমারি সেকশনে ফ্যাকাল্টি নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, ঘোলা : দক্ষিণ ২৪ পরগনার ঘোলাতে ইংলিশ মিডিয়াম স্কুলের প্রি-প্রাইমারি / প্রাইমারি / মন্তেসরি সেকশনের জন্য "ফ্যাকাল্টি" পদে কিছু ছেলেমেয়ে নেওয়া হবে।**

যেকোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। সঙ্গে B.Ed. / D.El.Ed. / Montessori ট্রেনিং থাকতে হবে। ইংলিশ মিডিয়াম ব্যাকগ্রাউন্ড আর ইংরিজি ও বাংলায় চটপট কথা ও লেখার দক্ষতা থাকতে হবে। বয়স ও বেতন হবে প্রতিষ্ঠানের নিজস্ব নিয়মানুযায়ী। প্রার্থীদের সিভি পাঠাতে হবে এই ই-মেল আইডিতে ই-মেল করে : info@dcbs.in বিশদে জানতে যোগাযোগ করতে পারেন : 9748361720.

## সেনাবাহিনীতে অগ্নিবীর

১ পাতার পর

বীরভূম, পূর্ব বর্ধমান ও পশ্চিম বর্ধমান জেলার প্রার্থীদের থেকে।

ব্যারাকপুর আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার প্রার্থীদের থেকে নেওয়া হবে।

শিলিগুড়ি আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে নেওয়া হবে জলপাইগুড়ি, দার্জিলিং, আলিপুরদুয়ার, মালদা, কালিম্পং, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও কোচবিহার জেলার প্রার্থীদের থেকে।

শিলিগুড়ি (সিকিম) আর্মি রিক্রুটিং অফিসের মাধামে নেওয়া হবে নামচি, গ্যাংটক, পাকয়ঙ, মঙ্গন, সোরেঙ, গ্যালসিং জেলার প্রার্থীদের থেকে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে ১ জুন থেকে ১৫ জুন পর্যন্ত। অনলাইন পরীক্ষায় সফল হলে সংশ্লিষ্ট আর্মি রিক্রুটিং অফিসের অধীন জেলার প্রার্থীদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। তাতে সফল হলে ডাক্তারি পরীক্ষা।

সব জেলার প্রার্থীদের অনলাইনে নাম নথিভুক্তকরণ চলবে ১০ এপ্রিল পর্যন্ত। ঐই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ মোবাইল নম্বর, ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র, ফটো ও সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। সঙ্গে আধার কার্ড রাখবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেইনাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা এস.বি.আই. লিঙ্কে, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই. ভিমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি-সহ ইত্যাদি বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## অসম রাইফেলসে

১ পাতার পর

করতে পারেন। বয়স হতে হবে ১১-৫-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ (উপজাতি হলে ১৬২.৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (উপজাতি হলে ৭৬) সেমি ও ফুলিয়ে ৮৫ (উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (উপজাতি হলে ১৫০) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। শূন্যপদ : ৯৫টি। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, ডাক্তারি পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.assamrifles.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত পৌঁছনো চাই ১১ মে'র মধ্যে। এই ঠিকানায় : Directorate General of Assam Rifles (Recruitment Branch), Laitkar, Shillong, Meghalaya-793 010.

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

১০ ও ১১ এপ্রিল, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

জলসাঘর, বহরমপুর (বহরমপুর রেল স্টেশনের পাশে), মুর্শিদাবাদ

ঃ সময় ঃ
সকাল ১০টা থেকে
বিকাল ৪টা পর্যন্ত

উপস্থাপনায় :

## কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

*Sponsored by :*

## PRAGATI
SKILL DEVELOPMENT TRAINING PROVIDER

*In Gracious Presence*

JIS GROUP Educational Initiatives | RICE EDUCATION | School of the FUTURE | techno india university WEST BENGAL | CHITKARA UNIVERSITY | SMIT SIKKIM MANIPAL UNIVERSITY

Sarojini Group of Institute | DR.B.C.ROY SOCIETY | COLLEGE VIVE | ENDEAVOUR | DESUN ACADEMY Get Placed by Skills | NIHT We Build Careers

ICHM | NMS | SEACOM SKILLS UNIVERSITY seacomskillsuniversity.org | JIMS Hospital | SBIHM | UGC & AICTE APPROVED | upGrad School of Technology

DOLPHIN School of Hotel Management | SCARE INSTITUTE | ASPIRE ACADEMY | BNG Hotel management institute | BANKURA | LAW POINT

**বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943**

**সাম্প্রতিক তথ্যে ভরা**

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## পি.এস.সি.'র

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? — আনোয়ার আলি, ভোগগ্রাম, হেমতাবাদ, উত্তর দিনাজপুর। অর্পিতা দাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা জুন মাস নাগাদ হওয়ার সম্ভাবনা আছে। ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার ইন্ডিকেটিভ বিজ্ঞপ্তি বেরোলেও এখনো দরখাস্ত নেওয়া শুরু হয়নি। সম্ভবত আগস্ট মাস নাগাদ ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোতে পারে।

■ *সাব-ইন্সপেক্টর অফ স্কুল পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? স্পেশাল বি.এড. কোর্স পাশরা যোগ্য কি? — সাজেন বর্মন, বসিয়ান, উত্তর দিনাজপুর।*

■■ দ্বিতীয় শ্রেণির অনার্স গ্র্যাজুয়েট বা, দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বি.টি. কিংবা বি. এড. কোর্স পাশ থাকা দরকার। বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে স্ক্রীনিং টেস্ট / লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথমে স্ক্রীনিং টেস্টে লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ২০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) এডুকেশন বিষয়ে ৫০টি প্রশ্ন, (২) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক বিষয়ে ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। এডুকেশন বিষয়ের প্রশ্ন হবে বি.এড. কোর্সের সিলেবাস অনুযায়ী। জেনারেল স্টাডিজ বিষয়ে থাকবে সাম্প্রতিক ঘটনা ও সাধারণ অভিজ্ঞতাসংক্রান্ত প্রশ্ন। অ্যারিথমেটিক বিষয়ের প্রশ্ন থাকবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিকের সিলেবাস অনুযায়ী। স্পেশাল বি.এড. কোর্স পাশরাও যোগ্য।

## স্টাফ সিলেকশনের

■ *কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে কত শূন্যপদ পূরণ হয়? এবছর সরকারিভাবে বিজ্ঞপ্তি কবে বেরোবে? — রাজেন্দ্রকুমার সাহা।*

■■ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে প্রতি বছরই ৭ হাজার থেকে ৯ হাজার শূন্যপদ পূরণ করা হয়। ২০২৬ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে এ মাসেই। পরীক্ষা হবে মে মাস নাগাদ।

## অন্যান্য চাকরির

■ *পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেডে জুনিয়র অপারেটর টেকনিশিয়ান পদের বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে কোনো খবর আছে কি? এই পরীক্ষার জন্য বহু ছেলেমেয়ে অপেক্ষা করে থাকে। এই পদে নিয়োগ সংক্রান্ত কোনো আপডেট থাকলে জানাবেন। — দীনেশ সিংহ, কাঠজুড়িডাঙ্গা, বাঁকুড়া।*

■■ জুনিয়র অপারেটর টেকনিশিয়ান পদের বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। শূন্যপদ তৈরি হলে তবেই বিজ্ঞপ্তি বেরোয়। গত বছর এই পদে বিজ্ঞপ্তি বেরোয়নি। তবে এবছর এই পদে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোতে পারে।

## কোর্স ও ট্রেনিং

■ *বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় ই.ডব্লু.এস. ক্যাটেগরিতে শূন্যপদ সংরক্ষিত থাকে। এই ই.ডব্লু.এস. সার্টিফিকেট কোথা থেকে পাওয়া যায়? কত টাকা আয় হলে এই সার্টিফিকেট পেতে পারি। বিস্তারিত জানাবেন। — সিদ্ধার্থ দে, গোলপার্ক, কলকাতা।*

■■ ই.ডব্লু.এস. বা, ইকনমিক্যালি উইকার সেকশন সার্টিফিকেট দেওয়া হয় জেলা শাসক, অতিরিক্ত জেলা শাসক, কালেক্টর এস.ডি.ও ইত্যাদি অফিসারের থেকে। যাঁদের পারিবারিক আয় বছরে ৮ লাখের মধ্যে, তাঁরা ই.ডব্লু.এস. ক্যাটেগরি হিসাবে বিবেচিত হবেন। বার্ষিক আয় হিসাব করা হবে মাইনে, অ্যাগ্রিকালচারাল, বিজনেস ও পেশাগত কাজের ওপর মোট আয় ধরে।

■ *স্পেশাল বি.এড. কোর্স কি? কোন কোন ক্ষেত্রে নিয়োগ হয়? এই কোর্স কোথায় পড়ানো হয়? কত বছরের কোর্স? — মোহন রায়, কালিয়াগঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ বিশেষ চাহিদাসম্পন্ন ছেলেমেয়েদের পড়ানোর জন্য স্পেশাল বি.এড. পাশ শিক্ষক-শিক্ষিকাদের প্রয়োজন হয়। সেরিব্রাল পালসি, বধির, দৃষ্টিহীন প্রতিবন্ধী ইত্যাদি বিকলাঙ্গ শ্রেণির ছেলেমেয়েদের পড়ানোর জন্য আলাদা মেথড লাগে, যা সাধারণ বি.এড. কোর্স পাশ ছেলেমেয়েরা জানেন না। তাই তাঁদের পড়ানোর জন্য স্পেশাল বি.এড. কোর্স চালু হয়। এটি রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া'র (আর.সি.আই.) মাধ্যমে পরিচালিত। স্পেশাল বি.এড. কোর্স পাশ হলে স্পেশাল এডুকেটর পদে যেমন যোগ্য তেমনি, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা পদেও যোগ্য। এছাড়াও এন.জি.ও., থেরাপি সেন্টার, স্পেশাল স্কুলে স্পেশাল বি.এড. পাশদের নেওয়া হয়। এই কোর্স আগে ১ বছরের ছিল, এখন ২ বছরের কোর্স। কলকাতায় AYJNISHD, ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিস্যাবিলিটিজ, রামকৃষ্ণ মিশন ব্লাইন্ড বয়েস আকাদেমি-সহ বিভিন্ন জায়গায় পড়ানো হয়। এছাড়াও বেসরকরি কিছু প্রতিষ্ঠানেও এই কোর্স পড়ানো হয়।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের যে পরীক্ষা ১ ও ৮ মার্চ হল, তার অ্যানসার কী কবে প্রকাশিত হবে? — সাইফুল ইসলাম, বহরপুর, কুন্ডপস্করনী, বাঁকুড়া।*

■■ হ্যাঁ, অ্যানসার কী প্রকাশিত হয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.westbengalssc.nic.in

■ *স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম শ্রেণির পরীক্ষায় বাংলা বিষয়ের ডকুমেন্ট ভেরিফিকেশন কবে হবে? — রহিদুল সেখ, সুত্রাগড় কুটির হাট লেন, শান্তিপুর, নদিয়া।*

■■ এখনো ডকুমেন্ট ভেরিফিকেশনের তারিখ ঠিক হয়নি।

■ *এবছর প্রাইমারি ও আপার প্রাইমারির বিজ্ঞপ্তি কি বেরোবে? — দীপ্ত বর্মন, রবীন্দ্রনগর, চুঁচুড়া, হুগলি। তনুশ্রী বেজ, গোবিন্দপুর, শিবতলা, হাওড়া।*

■■ হ্যাঁ, বেরোবে।

■ *স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — বিদীপ্ত রাহা।*

■■ হ্যাঁ, এবছর বিজ্ঞপ্তি বেরোবে। (১) ১৫০ নম্বরের 'টেট' / প্রিলিমিনারি টেস্ট (পি.টি.) পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট ও পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) প্রথম ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৩) দ্বিতীয় ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)।

(৪) (এ) এছাড়াও অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় দিতে হবে অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

(৪) (বি) সোশ্যাল স্টাডিজ বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় পরীক্ষা দিতে হবে সোশ্যাল স্টাডিজ বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা।

■ *পশ্চিমবঙ্গে থাকি। ডিগ্রি কোর্সে ৪৬% নম্বর আছে। এম.এ. কোর্সে ৬৫% নম্বর আছে। ঝাড়খণ্ড আপার প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — কৃষাণু সাহা।*

■■ হ্যাঁ, পারবেন।

## রেলে চাকরির

■ *এবছর রেলের এন.টি.পি.সি.'র বিজ্ঞপ্তি বেরোবে কি? এটার জন্য প্রস্তুতি শুরু করা উচিত কি? — সুরভি সুলতানা।*

■■ হ্যাঁ, এবছর শেষের দিকে এন.টি.পি.সি.'র বিজ্ঞপ্তি বেরোবে। জোরকদমে প্রস্তুতি শুরু করুন।

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরিতে উচ্চমাধ্যমিক যোগ্যতার প্রার্থীদের কম্পিউটার বেসড টেস্ট কবে হবে? — বিপ্রাশিস পোদ্দার, খয়রামারী কলেজ রোড, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

## পুলিশে চাকরির

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে? শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা কবে হবে? — বিশাল খামরুই, কুমারিয়া, রসপুর, হাওড়া।*

■■ ফল শিগগিরই বেরোনোর সম্ভাবনা আছে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে এবছর বিজ্ঞপ্তি বেরোবে কি? — বাপন, পাখরা, রামপুরহাট, বীরভূম।*

■■ হ্যাঁ, বেরোবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| কলেজে সহকারী অধ্যাপক | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১৫-৪-২৬ | www.wbcsconline.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| DVC- তে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১৬ | ১০-৪-২৬ | www.dvc.gov.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| MSC-এর মাধ্যমে পুরসভার ডেভেলপমেন্ট অথরিটিতে | HS পাশ | ১৩ | ১৭-৪-২৬ | www.mscwb.org |
| নার্সিং (ANM/GNM) কোর্সে ভরতির দরখাস্ত নেওয়া শুরু | HS পাশ | - | ১৯-৪-২৬ | www.wbjeeb.in |
| রাইটসে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৩ | ২৭-৪-২৬ | www.rites.com |
| SSB-এর মাধ্যমে কনস্টেবল (ট্রেডসম্যান) ও ড্রাইভার | মাধ্যমিক, ITI | ৮২৭ | ২১-৪-২৬ | https://recruitment.ssb.gov.in |
| SSB-এর মাধ্যমে কনস্টেবল (ট্রেডসম্যান) ও ড্রাইভার | মাধ্যমিক, HS, ITI | ২৩৩ | ২১-৪-২৬ | https://recruitment.ssb.gov.in |
| প্রতিরক্ষা কারখানায় ওয়ার্কার | ITI | ২৬৫ | ১০-৪-২৬ | https://munitionsindia.in |
| ITBP-তে ট্রেডসম্যান | ITI | ১০ | ২৮-৪-২৬ | www.recruitment.itbpolice.nic.in |
| ঝাড়খণ্ড রাজ্যের স্কুলে চাকরির জন্য ঝাড়খণ্ড 'টেট'এর দরখাস্ত নেওয়া শুরু | HS+D.El.Ed গ্র্যাজুয়েট ও বি.এড | - | ২১-৪-২৬ থেকে ২১-৫-২৬ | www.jac.jharkhand.gov.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে সায়েন্টিস্ট-বি | বি.ই. / বি.টেক. | ২৪৩ | ২৪-৪-২৬ | www.recruitment.nic.in |
| বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার | আই.টি.আই. | ৮০ | ১৬-৬-২৬ | https://munitionsindia.co.in |
| ভান্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা | ৫০ | ১১-৪-২৬ | www.munitionsindia.in |
| খাদকি অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ফিল্ড ওয়ার্কার | ITI পাশ | ৮৫ | ১১-৪-২৬ | https://recruitment.ssb.gov.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারির পরীক্ষা স্থগিত | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| CHSL-2025 (Tier-II) পরীক্ষা | ১০ এপ্রিল, ২০২৬ | www.ssc.gov.in |

# রেল গ্রুপ 'ডি'

## রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ২২ হাজার শূন্যপদে দরখাস্ত নেওয়া হয়েছে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ অলকানন্দা রায়।

1. একটি বস্তুর ভর স্থির থাকলে 'ত্বরণ দ্বিগুণ হলে বল'—
(A) অর্ধেক হবে (B) দ্বিগুণ হবে (C) চারগুণ হবে (D) অপরিবর্তিত থাকবে

2. একটি স্পষ্ট প্রতিধ্বনি শোনার জন্য শব্দের উৎস ও প্রতিফলক পৃষ্ঠের মধ্যে সর্বনিম্ন দূরত্ব কত হওয়া উচিত? (শব্দের গতি 340 m/s)
(A) 10 মিটার (B) 17 মিটার (C) 20 মিটার (D) 34 মিটার

3. একটি অবতল লেন্সের সামনে একটি বস্তু 30 সেন্টিমিটার দূরে রাখা হয়েছে ও প্রতিচ্ছবি 15 সেন্টিমিটার দূরে তৈরি হয়েছে। বিবর্ধন কত?
(A) $\frac{1}{2}$ (B) 2 (C) 3 (D) 1

4. একটি 5 কেজি ভরের বস্তুর ওপর এমন একটি বল প্রয়োগ করা হল যাতে 4 সেকেন্ডে বেগ '0' থেকে '20 m/s' হয়। বলটির মান কত?
(A) 10 N (B) 15 N (C) 20 N (D) 25 N

5. বেগ-সময় লেখচিত্রে (velocity-time graph) একটি সরলরেখা যদি সময় অক্ষের সমান্তরাল হয়, তাহলে বস্তুটি কোন গতিতে আছে?
(A) ত্বরণযুক্ত গতি (B) সমবেগ গতি (C) অসমবেগ গতি (D) স্থির অবস্থা

6. একটি বৈদ্যুতিক যন্ত্রে রোধ অপরিবর্তিত রেখে ভোল্টেজ দ্বিগুণ করলে, বিদ্যুৎ প্রবাহ কী হবে?
(A) দ্বিগুণ হবে (B) অর্ধেক হবে (C) চারগুণ হবে (D) অপরিবর্তিত থাকবে

7. একটি বস্তু যখন উচ্চতা থেকে নীচে পড়ে, তখন কোন শক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয়?
(A) তাপশক্তি (B) মহাকর্ষীয় শক্তি (C) বিভব শক্তি (D) নিউক্লিয়ার শক্তি

8. প্রতিসরণ কোন তরঙ্গের ক্ষেত্রে ঘটে?
(A) আলোর ক্ষেত্রে (B) শব্দের ক্ষেত্রে (C) (A) ও (B) উভয়েই (D) কোনোটিই নয়

9. সমস্থানিক (Isotope) বলতে কী বোঝায়?
(A) প্রোটন সংখ্যা আলাদা, নিউট্রন সংখ্যা একই (B) প্রোটন সংখ্যা একই, নিউট্রন সংখ্যা আলাদা (C) প্রোটন ও নিউট্রন উভয়েই একই (D) ইলেকট্রন সংখ্যা আলাদা

10. নিউট্রালাইজেশন বিক্রিয়ায় সাধারণত কী উৎপন্ন হয়?
(A) লবণ ও জল (B) ধাতু ও গ্যাস (C) গ্যাস ও লবণ (D) শুধুমাত্র জল

11. নীচের কোনটি গ্যাসের বৈশিষ্ট্য?
(A) নির্দিষ্ট আকার ও নির্দিষ্ট আয়তন আছে (B) নির্দিষ্ট আকার নেই কিন্তু নির্দিষ্ট আয়তন আছে (C) নির্দিষ্ট আকার, আয়তন কোনোটিই নেই (D) নির্দিষ্ট আকার নেই, কিন্তু আয়তন আছে

12. নীচের কোনটি মিথানোয়িক অ্যাসিডের রাসায়নিক সূত্র?
(A) $CH_3OH$ (B) $HCOOH$ (C) $CH_3COOH$ (D) $CO_2$

13. ইলেকট্রোলাইটিক রিফাইনিং-এ অ্যানোডে কোন বিক্রিয়া ঘটে?
(A) রিডাকশন (B) অক্সিডেশন (C) নিউট্রালাইজেশন (D) কোনোটিই নয়

14. নীচের কোন ধাতু $CuSO_4$ দ্রবণ থেকে তামাকে স্থানচ্যুত করতে পারবে?
(A) লোহা (B) জিঙ্ক (C) অ্যালুমিনিয়াম (D) সবগুলি

15. নীচের কোনটিতে Tyndall effect দেখা যাবে না?
(A) দুধ (B) কুয়াশা (C) লবণ জল (D) ধোঁয়া

16. ফ্রিয়ন গ্যাস পরিবেশে কোন সমস্যা সৃষ্টি করে?
(A) ওজোন স্তর ক্ষয় (B) তাপমাত্রা হ্রাস (C) সমুদ্রস্তর কমে (D) কোনোটিই নয়

17. নীচের কোন প্লাস্টিডে রঙ নেই ও এটি প্রধানত পুষ্টি সংরক্ষণ করে?
(A) ক্রোমোপ্লাস্ট (B) ক্লোরোপ্লাস্ট (C) লিউকোপ্লাস্ট (D) সবুজ প্লাস্টিড

18. নীচের কোনটি যৌন প্রজননে জিনের মিশ্রণ ঘটায়?
(A) অ্যালিল বিন্যাস (B) মিয়োসিস (C) ক্লোনিং (D) মাইটোসিসের মাধ্যমে গ্যামেটসের উৎপাদন

19. ভাস ডিফারেন্সে কোন প্রক্রিয়া ঘটে?
(A) শুক্রাণু তৈরি (B) শুক্রাণু সঞ্চালন (C) টেসটিস তাপমাত্রা নিয়ন্ত্রণ (D) Seminal Fluid উৎপাদন

20. Assertion (A) : অ্যাজমা ব্রঙ্কি ও ব্রঙ্কিওলকে প্রভাবিত করে। Reason (B) : অ্যাজমা রোগের সময় বাতাস প্রবাহ বাধা পায়।
(A) A ও B উভয়েই সত্য, B, A এর সঠিক ব্যাখ্যা (B) A ও B উভয়েই সত্য, কিন্তু B, A এর ব্যাখ্যা নয় (C) A সত্য, B মিথ্যা (D) A মিথ্যা, B সত্য

21. নীচের কোনটি 'Biodiversity Hotspot'?
(A) উত্তর-পূর্ব ভারত (B) সাহারা মরুভূমি (C) গোবি মরুভূমি (D) কোনোটিই নয়

22. Autonomic nervous system (স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্র) কোন কাজ নিয়ন্ত্রণ করে?
(A) স্বেচ্ছাসিক্ত কাজ (B) অস্বেচ্ছাসিক্ত কাজ (C) চিন্তাভাবনা (D) হাতের স্পর্শ অনুভূতি

23. নীচের কোনটি Coprophilous Fungi-এর বৈজ্ঞানিক গুরুত্ব?
(A) হরমোন তৈরি (B) মল পচন প্রক্রিয়ায় ভূমিকা (C) খাদ্য উৎপাদন (D) ওষুধ সংরক্ষণ

24.

| ভিটামিন | অভাবের লক্ষণ |
|---|---|
| A | (1) স্কার্ভি |
| B | (2) রিকেটস |
| C | (3) বেরিবেরি |
| D | (4) রাতকানা |

(A) (A-4) (B-1) (C-2) (D-3) (B) (A-2) (B-4) (C-3) (D-1) (C) (A-4) (B-3) (C-1) (D-2) (D) (A-1) (B-2) (C-4) (D-3)

25. পাখিকে Endotherm হিসাবে বিবেচনা করার কারণ কী?
(A) তারা মাটি খুঁড়ে ঘুমায় (B) তারা শুধুমাত্র সূর্যের তাপে নির্ভর করে (C) তারা উষ্ণ রক্তের ও দেহের তাপমাত্রা স্থায়ী রাখে (D) কোনোটিই নয়

26. নেহার বয়স তার বোন প্রীতির বয়সের দ্বিগুণের থেকে 4 বছর বেশি। তাদের মোট বয়স 28 বছর। নেহার বয়স কত?
(A) 14 (B) 20 (C) 16 (D) 18

27. X ও Y একসঙ্গে 10 ঘণ্টায় একটি জলাধার পূর্ণ করতে পারে। Y একা 15 ঘণ্টায় পূর্ণ করতে পারে। X একা ট্যাঙ্কের অর্ধেক পূর্ণ করতে কত সময় নেবে?
(A) 12 ঘণ্টা (B) 15 ঘণ্টা (C) 8 ঘণ্টা (D) 6 ঘণ্টা

28. $\frac{27^4 \times 9^3}{3^{15}} = ?$
(A) 3 (B) 9 (C) 27 (D) 1

29. যদি $x^2 + 9x + 20$ ও $x^2 + kx + 10$ এর common factor হয় x + 5, তাহলে K এর মান কত?
(A) 5 (B) 6 (C) 7 (D) 8

30. নয়টি সংখ্যার গড় 40. যদি আটটি সংখ্যার যোগফল 300 হয়, তাহলে নবম সংখ্যাটি কত?
(A) 50 (B) 60 (C) 70 (D) 80

31. সাগরিকা, সোমা ও প্রীতি যথাক্রমে 9 : 6 : 5 অনুপাতে টাকা বিনিয়োগ করে। মোট লাভ হয় 50000 টাকা। সাগরিকা ও প্রীতির লাভের পার্থক্য কত?
(A) 10000 টাকা (B) 15000 টাকা (C) 21000 টাকা (D) 8700 টাকা

32. যদি $\sec^2A + \mathrm{cosec}^2A = 10$ হয়, তাহলে $\tan^2A + \cot^2A$ এর মান কত?
(A) 9 (B) 10 (C) 8 (D) 11

33. একটি ট্রেন 1000 মিটার লম্বা প্ল্যাটফর্ম অতিক্রম করতে 50 সেকেন্ড সময় নেয়। ট্রেনটির দৈর্ঘ্য 1500 মিটার হলে, ট্রেনটির বেগ কত?
(A) 120 কিমি/ঘণ্টা (B) 180 কিমি/ঘণ্টা (C) 200 কিমি/ঘণ্টা (D) 182 কিমি/ঘণ্টা

34. একটি সিঁড়ির দৈর্ঘ্য 12 মিটার ও এটি মাটির সঙ্গে 30° কোণ করে আছে। সিঁড়ির নীচের অংশ দেওয়াল থেকে কত দূরে আছে?
(A) 6.4 মিটার (B) 10.4 মিটার (C) 9.4 মিটার (D) 11.4 মিটার

35. $(64)^{-\frac{2}{3}} \times \left(\frac{1}{4}\right)^{-2}$ এর মান—
(A) 1 (B) $\frac{1}{2}$ (C) 2 (D) $\frac{1}{16}$

36. $8m^3 - n^3$ এর মান
(A) $(2m - n)(4m^2 + 4mn + n^2)$ (B) $(2m - n)(4m^2 - 4mn + n^2)$ (C) $(2m - n)(4m^2 + 2mn + n^2)$ (D) কোনোটিই নয়

37. যদি $672103^{x^2+1-2} = 1$, x এর মান কত?
(A) ±1 (B) 0 (C) −1 (D) $+\sqrt{1}$

38. একটি অঞ্চলে মোট ভোটারের 12% ভোট দিতে আসেনি, যদি 17600 জন ভোট দিয়ে থাকে, তাহলে মোট ভোটার কত?
(A) 18000 (B) 25000 (C) 22000 (D) 20000

39. 2000 টাকার ওপর বার্ষিক 7% সরল সুদের হারে 2016 সালের 8 ফেব্রুয়ারি থেকে 2016 সালের 22 এপ্রিল পর্যন্ত সুদের হার কত?
(A) 28 (B) 30.2 (C) 28.7 (D) 28.3

40. 7000 থেকে 7050 এর মধ্যে কোনটি মৌলিক সংখ্যা?
(A) 7009 (B) 7011 (C) 7035 (D) 7041

41. একটি হ্যান্ডব্যাগের চিহ্নিত দামের ওপর 69% ছাড় দেওয়া হলে এটি 9,900 টাকায় বিক্রি হয়। চিহ্নিত দাম কত?
(A) 34000 (B) 31935 (C) 37925 (D) 32000

42. একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 10 সেন্টিমিটার। বর্গক্ষেত্রের ভেতরের চারদিকে 3 সেন্টিমিটার চওড়া রাস্তার ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার?
(A) 48 (B) 76 (C) 64 (D) 84

43. ঘণ্টায় 54 কিলোমিটার বেগে 135 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন কত সেকেন্ডে একটি গাছকে অতিক্রম করবে?
(A) 9 (B) 10 (C) 13 (D) 15

44. একজন আম বিক্রেতা, আম কিনেছেন 3 টাকার জন্য 5টি ও বিক্রি করেছেন 6টা 3 টাকায়। তার লাভ বা ক্ষতির শতাংশ কত?
(A) 18% লাভ (B) 17% ক্ষতি (C) 16.67% ক্ষতি (D) 16.67% লাভ

45. যদি কোনো সংখ্যার 10% কমিয়ে দিলে ফলাফল 180 হয়, তাহলে সেই সংখ্যার 20% কত?
(A) 25 (B) 44 (C) 40 (D) 26

46. একটি সমকোণী ত্রিভুজের দু'টি সমকোণ বাহু 15 সেন্টিমিটার ও 20 সেন্টিমিটার। ত্রিভুজের পরিমাপ কত?
(A) 50 (B) 55 (C) 60 (D) 65

47. একজন কর্মীর বেতন 16000 টাকা, তার বেতন 20% কমে যাওয়ার পরে আবার 25% বাড়ানো হলো। শেষ বেতন কত?
(A) 17050 (B) 16500 (C) 13600 (D) 16000

48. যদি $2x + 3y = 8$ ও $4x^2 + 9y^2 = 32$ হয়, $8x^3 + 27y^3 = ?$
(A) 128 (B) 142 (C) 106 (D) 112

49. $$\frac{5\frac{1}{4} + 1\frac{3}{4} \times \frac{4}{5} \div 15 \times \left(8\frac{1}{3} \text{ of } \frac{3}{5}\right)}{\frac{5}{3} \div \frac{5}{6} \times \frac{3}{4}}$$
(A) $\frac{31}{20}$ (B) $\frac{343}{90}$ (C) $\frac{313}{20}$ (D) $\frac{331}{927}$

50. 30 লিটার মিশ্রণে, দুধ আর জলের অনুপাত 3 : 2. দুধ ও জলের অনুপাত 1 : 1 করতে হলে কত পরিমাণ জল মেশাতে হবে?
(A) 2 (B) 9 (C) 6 (D) কোনোটিই নয়

51. 2025 সালে আয়োজিত জি-20 শীর্ষ সম্মেলনে কোন দেশ প্রথম আফ্রিকান দেশ হিসাবে সভাপতিত্ব করে?
(A) জিম্বাবোয়ে (B) নাইজেরিয়া (C) আলজেরিয়া (D) দক্ষিণ আফ্রিকা

52. ভারতের প্রথম AI চালিত সড়ক নিরাপত্তা ব্যবস্থা কোন রাজ্যে চালু হয়েছে?
(A) উত্তর প্রদেশ (B) মহারাষ্ট্র (C) কর্ণাটক (D) কেরালা

53. প্রথম এশীয় দেশ হিসাবে ২০২৫ সালে 'স্কোয়াশ বিশ্বকাপ' জিতেছে কারা?
(A) জাপান (B) চিন (C) ভারত (D) মালয়েশিয়া

54. নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান এখন কে?
(A) সুমন বেরি (B) রাজীব কুমার (C) তরুণ কাপুর (D) সঙ্গীতা সিং

55. তামিলনাড়ুর প্রথম 'ডার্ক স্কাই পার্ক' কোথায় স্থাপন করা হয়েছে?
(A) উটি (B) কোল্লি হিলস (C) কোডাইকানাল (D) একটিও নয়

56. 'World Wildlife Day' কবে পালিত হয়?
(A) 1 March (B) 2 March (C) 3 March (D) 4 March

57. ইউরোপীয় ইউনিয়নের প্রথম দেশ হিসাবে জ্বালানি রেশনিং ব্যবস্থা চালু করেছে কারা?
(A) স্লোভেনিয়া (B) ইতালি (C) ফ্রান্স (D) স্পেন

58. সম্প্রতি ভারতের 93 তম গ্র্যান্ডমাস্টার কে হয়েছেন?
(A) আরব ডেংলা (B) রাহুল ভি. এস. (C) আরয়ান বার্মনি (D) ইলামপার্থি এ. আর.

59. সম্প্রতি কোথায় মাত্র 1 ঘণ্টায় 2,51,446টি গাছ লাগিয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' করা হয়েছে?
(A) ইন্দোর (B) বারাণসী (C) ভুবনেশ্বর (D) আহমেদাবাদ

60. দিল্লিতে মহিলাদের পরিবহণ সুবিধা আরও ভালো করার জন্য কোন কার্ড চালু করা হয়েছে?
(A) দিল্লি মেট্রো পিঙ্ক পাস (B) পিঙ্ক ন্যাশনাল কমন মোবিলিটি কার্ড (C) মহিলা সুরক্ষা ট্রাভেল কার্ড (D) স্মার্ট ট্রাভেল কার্ড

61. Fraud কমানোর জন্য RBI কোন নতুন প্রযুক্তি ব্যবহার করার পরিকল্পনা করছে?
(A) ব্লকচেইন (B) ফেসিয়াল রেকগনিশন (C) ক্রিপ্টোকারেন্সি (D) RFID

62. Cheque Truncation System (CTS) চালু হওয়ার প্রধান সুবিধা কী?
(A) loan সহজ হওয়া (B) ATM সংখ্যা বাড়ানো (C) Cheque দ্রুত clear হওয়া (D) FD সুদ বাড়ানো

63. 'কবচ' সিস্টেম কীসের জন্য ব্যবহৃত হয়?
(A) টিকিট বুকিং (B) ট্রেনের গতি বাড়ানো (C) ট্রেনের নিরাপত্তা ব্যবস্থা / Anti Collisions (D) কোনোটিই নয়

64. ভারতের 'Forest cover report' কোন সংস্থা প্রকাশ করে?
(A) NITI Aayog (B) FSI (C) ISRO (D) UNESCO

65. ভারতের ম্যানগ্রোভ সবথেকে বেশি কোন রাজ্যে রয়েছে?
(A) গুজরাত (B) ওড়িশা (C) পশ্চিমবঙ্গ (D) তামিলনাড়ু

66. ২০২৫ সালে 'ইউনেস্কো'র Intangible Cultural Heritage তালিকায় কোন উৎসবটি অন্তর্ভুক্ত হয়েছে?
(A) হোলি (B) দীপাবলি (C) ঈদ (D) দুর্গাপুজো

67. 'Varuna 2025' কোন দুই দেশের যৌথ মহড়া?
(A) ভারত ও রাশিয়া (B) ভারত ও ফ্রান্স (C) ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র (D) ভারত ও জাপান

68. ভারতের মহাকাশ খাতকে কোন সংস্থার মাধ্যমে প্রাইভেট কোম্পানির জন্য খুলে দেওয়া হয়েছে?
(A) DRDO (B) IN-SPACe (C) ISRO (D) HAL


69. ২০২৮ সালে ভারত কোন আন্তর্জাতিক ক্রীড়া ইভেন্ট আয়োজন করবে?
(A) এশিয়ান গেমস (B) ক্রিকেট বিশ্বকাপ (C) ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স ইন্ডোর চ্যাম্পিয়নশিপ (D) FIFA বিশ্বকাপ

70. Transgender Persons Amendment Bill 2026 কোন আইনের পরিবর্তন করতে চায়?
(A) এডুকেশন Act 2020 (B) Labour Act / লেবর (C) Election Act / ইলেকশন (D) Transgender Persons (Protection of Rights) Act 2019

71. যদি HEALTH-কে লেখা হয় GSKZDG, তাহলে একই সংকেত অনুযায়ী NORTH হবে—
(A) IUSPO (B) GSQNM (C) OPSUI (D) FRPML


72. নীচের ছবিতে একটি আরেকটির সঙ্গে সম্পর্কিত হলে শূন্যস্থানে কী বসবে?

# রেলের গ্রুপ 'ডি'




(A) 97 (B) 1097 (C) 907 (D) 9107

**73.** নীচের ছবিতে কতগুলি ত্রিভুজ আছে?



(A) 6 (B) 10 (C) 11 (D) 12

**74.** GULF : HZUS : : SQOB : ?

(A) FHJL (B) TVXO (C) JLMO (D) IKMO

**75.** 2, 29, 38, 47, ?, চিহ্নের জায়গায় কী বসবে?

(A) 52 (B) 59 (C) 58 (D) 56

**76.** 1. সব ছাত্রই বুদ্ধিমান

2. কিছু বুদ্ধিমান ব্যক্তি মেয়ে।

নীচের কোনটি সঠিক?

(A) সব ছাত্রই মেয়ে (B) কিছু ছাত্র মেয়ে হতে পারে (C) কোনো ছাত্র বুদ্ধিমান নয় (D) সব মেয়ে ছাত্র

**77.** কোনো ঘড়িতে রাত তিনটে বাজার সময় ঘণ্টার কাঁটাটি দক্ষিণ-পশ্চিম দিকে থাকলে, ঘড়িটিতে সকাল সাতটা তিরিশ বাজার সময় মিনিটের কাঁটাটি কোনদিকে থাকবে?

(A) উত্তর (B) দক্ষিণ (C) উত্তর-পশ্চিম (D) দক্ষিণ-পূর্ব

**78.** কোন বর্ণগুচ্ছগুলির মাধ্যমে # ও %-কে প্রতিস্থাপন করলে : : এর বামদিকের বর্ণগুচ্ছ জোড়া যে বিন্যাস ও সম্পর্ক অনুসরণ করে, তা : : এর ডানদিকের বর্ণগুচ্ছ জোড়ার বিন্যাসের অনুরূপ হবে? # : LHM : : OKP : %

(A) # = GCH, % = TPU (B) # = UPS, % = RPV (C) # = FDH, % = NHU (D) # = DCV, % = NHY

**79.** 105 97 89 81 73 ? কোন সংখ্যাটি চিহ্ন স্থানে বসবে?

(A) 70 (B) 65 (C) 60 (D) 58

**80.** যদি 5217643 সংখ্যার প্রতি জোড় অঙ্কের সঙ্গে 2 যোগ করা হয় ও প্রতি বিজোড় অঙ্কের সঙ্গে 2 যোগ করা হয়, তাহলে নবগঠিত সংখ্যাতে বামদিক থেকে প্রথম ও ডানদিক থেকে প্রথম অবস্থানে থাকা অঙ্কগুলির যোগফল কত?

(A) 10 (B) 9 (C) 20 (D) 12

**81.** 'P#Q' মানে P হল Q এর 'মা'

'P$Q' মানে P হল Q এর 'বোন'

'P@Q' মানে P হল Q এর 'ভাই'

এই অনুযায়ী 'E$F#M@W'-তে F এর সঙ্গে W এর সম্পর্ক কী?

(A) মা (B) বাবা (C) বোন (D) ভাই

**82.** শহর M, শহর V এর দক্ষিণে অবস্থিত। শহর Y, শহর M এর পূর্বে অবস্থিত। শহর Z, শহর Y এর উত্তরে অবস্থিত। শহর A, শহর Z এর পশ্চিমে অবস্থিত। শহর V, শহর A এর উত্তর-পূর্বে অবস্থিত। শহর A এর সাপেক্ষে শহর M এর অবস্থান কী?

(A) দক্ষিণ-পশ্চিম (B) উত্তর-পশ্চিম (C) দক্ষিণ-পূর্ব (D) উত্তর-পূর্ব

**83.** এমন কতগুলি সংখ্যা আছে যার প্রত্যেকটির ঠিক আগে অন্য একটি সংখ্যা ও ঠিক পরে একটি প্রতীক রয়েছে?

@ 6 1 * # 2 8 $ 7 & f 3 Ω 9 % 4 + 5

(A) 1 (B) 4 (C) 3 (D) 2

**84.** প্রদত্ত ধারাটিতে প্রশ্নবোধক স্থানে কী বসবে?

OSJ MQH KOF IMD ?

(A) GLB (B) GLA (C) GKB (D) GKA

**85.** সাতটি বাক্স B, D, E, P, S, T ও W, একটির ওপর আরেকটি করে রাখা আছে, কিন্তু একই ক্রমে রাখা আবশ্যিক নয়। শুধুমাত্র E বাক্সটি D এর ওপর রাখা আছে। শুধুমাত্র P বাক্সটি D ও B এর মধ্যে রাখা আছে। শুধুমাত্র W বাক্সটি T এর নীচে রাখা আছে। S ও W এর মধ্যে কয়টি বাক্স রাখা আছে?

(A) 1 (B) 2 (C) 3 (D) 4

**86.** একটি নির্দিষ্ট ভাষায়, 'BITE'-কে '3712' ও 'TIDE'কে '1207' হিসাবে কোড করা হয়। 'D' এর কোড কী?

(A) 7 (B) 3 (C) 2 (D) 0

**87.** চারটি বর্ণগুচ্ছ দেওয়া হয়েছে, যার মধ্যে তিনটি কোনো না কোনোভাবে একইরকম, শুধু একটি আলাদা। আলাদা বর্ণগুচ্ছটি বেছে নিন।

(A) ODS (B) AHI (C) GNU (D) DOU

**88.** 5 7 1 8 4 2 3 9 5 7 6 1

এমন কতগুলি জোড় সংখ্যা আছে, যার পরপরই বিজোড় সংখ্যা আছে?

(A) 3 (B) 1 (C) 2 (D) 4

**89.** উত্তর দিকে মুখ করে থাকা 50 জন শিক্ষার্থীর সারিতে, শ্রুতি বাম প্রান্ত থেকে 23তম স্থানে আছে। যদি দক্ষ, শ্রুতির ডানদিকে 17তম স্থানে থাকে তাহলে রেখার ডান প্রান্ত থেকে দক্ষের অবস্থান কত?

(A) নবম (B) বারো (C) দশম (D) এগারো


**90.** রমন তার ক্লাসে শীর্ষ থেকে 31তম ও নীচে থেকে 12তম স্থান অধিকার করেছে। তার ক্লাসে কতজন ছাত্র আছে?

(A) 42 (B) 40 (C) 43 (D) 41

**91.** DER109, PQD91, BCP73, NOBSS, ? প্রশ্নবোধক স্থানে কী বসবে?

(A) ZEN37 (B) ZAM37 (C) ZAN37 (D) SAN37


**92.**




প্রদত্ত চিত্রে কতগুলি চতুর্ভুজ আছে?

(A) 36 (B) 40 (C) 42 (D) 38

**93.**




ওপরের প্রশ্নচিহ্ন দেওয়া স্থানে নীচের কোন নকশা বসবে?




A B C D

**94.** যদি (+ = ×), (× = −), (÷ = +) ও (− = ÷) হয়, তবে (180 − 20 ÷ 12 + 24 × 5 + 22) এর মান কত?

(A) 190 (B) 187 (C) 180 (D) 185

**95.** ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় করুন।




(1) AC = 5 cm

(2) AB = 4 cm

প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য কোন বিবৃতি আবশ্যকীয়?

(A) 1 ও 2 উভয়ই প্রয়োজন (B) 1 বা 2 হলেই যথেষ্ট (C) কোনোটিই নয় (D) প্রশ্নটি ভুল


**96.** CB, FE, IH, ____ শূন্যস্থানে কোন পদটি বসবে?

(A) LK (B) KL (C) LM (D) LN

**97.** Y হল V এর স্বামীর ভাই, V হল Y এর পিতার পুত্রবধূ, Y এর পিতার শুধুমাত্র দু'টি পুত্র রয়েছে R ও Y. R হল V এর—

(A) পিতা (B) পুত্র (C) ভাই (D) কোনোটিই নয়

**98.**



চিত্রে কতগুলি ত্রিভুজ আছে?

(A) 18 (B) 19 (C) 20 (D) 16

**99.** |x| এর মান জানার জন্য নীচের কোন বক্তব্য/বক্তব্যগুলি যথেষ্ট?

(1) x = − |x|

(2) $x^2 = 4$

(A) শুধুমাত্র 2 যথেষ্ট, তবে 1 যথেষ্ট নয় (B) শুধুমাত্র 1 যথেষ্ট, তবে 2 যথেষ্ট নয় (C) 1 ও 2 উভয়েই যথেষ্ট (D) দু'টিই নিষ্প্রয়োজন

**100.** একটি ক্রিকেট ম্যাচের সর্বমোট রানের 90%-ই ফাস্ট বোলাররা করেছিল।

I. দলের 90% সদস্যই ছিল ফাস্ট বোলার

II. ফাস্ট বোলাররাই ছিল ওপেনিং ব্যাটসম্যান.

(A) শুধুমাত্র সিদ্ধান্ত II অনুসরণ করছে (B) শুধুমাত্র সিদ্ধান্ত I অনুসরণ করছে (C) কোনো সিদ্ধান্তই অনুসরণ করছে না (D) উভয়েই অনুসরণ করছে

## উত্তর

**1(B). 2(B). 3(A). 4(D). 5(B). 6(A). 7(C). 8(C). 9(B). 10(A). 11(C). 12(B). 13(B). 14(D). 15(C). 16(A). 17(C). 18(B). 19(B). 20(A). 21(A). 22(B). 23(C). 24(C). 25(C).**

**26(B).** প্রীতির বয়স x, নেহার বয়স = 2x + 4

এখন, (2x + 4) + x = 28 ⇒ 3x = 24 ⇒ x = 8

∴ নেহার বয়স = 2 × 8 + 4 = 20

**27(B).** x ও y একসঙ্গে করে ঘণ্টায় $\frac{1}{10}$ অংশ

ঘণ্টায়, y একা → $\frac{1}{15}$ অংশ

ঘণ্টায়, x একা → $\left(\frac{1}{10}-\frac{1}{15}\right) = \frac{1}{30}$ অংশ

∴ x একা পূর্ণ করতে সময় নেয় 30 ঘণ্টা

∴ x একা অর্ধেক করতে সময় নেয় $\frac{30}{2} \rightarrow 15$ ঘণ্টা।

**28(C).** $27^4 = \left(3^3\right)^4 = 3^{12}$

$9^3 = \left(3^2\right)^3 = 3^6$

$\therefore \frac{3^{12}\times 3^6}{3^{15}} = \frac{3^{18}}{3^{15}} = 3^{18-15} = 3^3 = 27.$

**29(C).** যদি x + 5 কোনো পলিনমিয়ালকে ভাগ করে তাহলে x = − 5 বসালে পলিনমিয়াল শূন্য

$x^2 + 9x + 20$

$\Rightarrow (-5)^2 + 9(-5) + 20 = 25 - 45 + 20$

$\Rightarrow 0$

---

$x^2 + kx + 10 = (-5)^2 + k(-5) + 10 = 0$

35 − 5k = 0

5k = 35, k = 7

$\therefore x^2 + 7x + 10 \Rightarrow x^2 + 5x + 2x + 10$

$\Rightarrow x(x + 5) + 2(x + 5) \Rightarrow (x + 5)(x + 2)$

Hence, value of k = 7 is true.

**30(B).** 9টি সংখ্যার গড় = 40

মোট যোগফল = 40 × 9 = 360

8টির যোগফল = 300

∴ নবম সংখ্যা = 360 − 300 = 60

**31(A).** সাগরিকা, সোমা, প্রীতি = 9 : 6 : 5

মোট পরিমাণ = 20

সাগরিকার লাভ = $\frac{50000}{20}\times 9 = 22500$

সোমার লাভ = $\frac{50000}{20}\times 6 = 15000$

প্রীতির লাভ = $\frac{50000}{20}\times 5 = 12500$

সাগরিকা ও প্রীতির লাভের পার্থক্য = (22500 − 12500) = 10000

**32(C).** $\sec^2 A + \text{cosec}^2 A = 10$

$\Rightarrow (1 + \tan^2 A) + (1 + \cot^2 A) = 10$

$\Rightarrow \tan^2 A + \cot^2 A = 10 - 2 = 8$

**33(B).** মোট দূরত্ব = 1000 + 1500 মি = 2500 মি.

বেগ = $\frac{2500}{50}$ মি/সে. = 50 মি/সে.

50 মি./সে = 50 × 3.6 কিমি/ঘণ্টা = 180 কিমি/ঘণ্টা

**34(B).** সিঁড়ি = L = 12 মি

মাটির সঙ্গে কোণ = $\theta = 30°$

দূরত্ব = x

$x = L\cos\theta = 12\cos 30° = 12\cdot\frac{\sqrt{3}}{2} = 12 \times 0.866 = 10.39 \approx 10.4$

**35(A).** $(64)^{-\frac{2}{3}}\times\left(\frac{1}{4}\right)^{-2}$

$\Rightarrow \left(4^3\right)^{-\frac{2}{3}}\times\left(\frac{1}{4}\right)^{-2} \Rightarrow (4)^{-2}\times\left(\frac{1}{4}\right)^{-2}$

$\Rightarrow \left(\frac{1}{4}\right)^2\times\left(\frac{1}{4}\right)^{-2} \Rightarrow \left(\frac{1}{4}\right)^0 = 1$

**36(C).** $8m^3 - n^3 = (2m)^3 - n^3$ [$a^3 - b^3$ সূত্র ]

**37(A).** $672103^0 = 1$

$\therefore x^2 + 1 - 2 = 0 \Rightarrow x^2 - 1 = 0$

$\Rightarrow (x + 1)(x - 1) = 0 \therefore x = \pm 1$

**38(D).** 12% ভোট দেয়নি, দিয়েছে = 88%

মোট ভোটার x হলে

88% of x = 17600

সমাধান করলে x = 20000

**39(B).** ফেব্রুয়ারি : 4 থেকে 29 = 26 দিন (2016 leap year)

মার্চ : = 31 দিন

এপ্রিল : 22 পর্যন্ত = 22 দিন

79 দিন

T = বছর হিসাবে সময়কাল = $\frac{79}{366}$

$SI = \frac{PRT}{100} = \frac{2000\times 7\times 79}{100\times 366} = 30.22$

**40(A).** 7035 → 5 দিয়ে বিভাজ্য

7011 → 3 দিয়ে বিভাজ্য

7041 → 3 দিয়ে বিভাজ্য


7009 → 1 ও 7009 ছাড়া কোনো সংখ্যা দিয়ে বিভাজ্য নয়।

**41(B).** $SP = MP\times\left(1-\frac{D\%}{100}\right)$

$9900 = MP\times\left(1-\frac{69}{100}\right)$

$\therefore MP = 9900\times\frac{100}{31} = 31935.48$

**42(D).**




বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $10^2$ cm² = 100 cm²

মূল বাহু 10 cm

রাস্তায় প্রস্থ চারপাশে 3 cm

ভিতরের অংশ = মূল বাহু − (ডান দিকের + বামদিকের রাস্তা)

= 10 − (3 + 3) = 4

∴ ভিতরের বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $4^2$ cm² = 16 cm²

∴ রাস্তার ক্ষেত্রফল = 100 − 16 cm² = 84 cm²

**43(A).** 54 কিমি/ঘণ্টা = $54\times\frac{1000}{3600}$ = 15 মি/সে.

সময় (গাছ পার করবে) = $\frac{135 \text{ মি.}}{15 \text{ মি/সে}}$ = 9 সেকেন্ড

**44(C).** ক্রয়মূল্য (C.P) একটা আম = $\frac{3}{5} = 0.60$

বিক্রয় মূল্য (S.P) একটা আম = $\frac{3}{6} = 0.50$

C.P > S.P (∴ ক্ষতি)

ক্ষতির পরিমাণ (শতাংশ) = $\frac{(CP-SP)}{CP}\times 100$

$= \frac{0.10}{0.60}\times 100 = 16.67\%$

**45(C).** সংখ্যা x

10% কমালে 180 $\therefore x-\frac{10x}{100} = 180$

90x = 18000. x = 200. 20% of x = $\frac{20}{100}\times 200 = 40$

**46(C).** দু'টি সমকোণ বাহু = 15 cm ও 20 cm

অন্য বাহু = $\sqrt{15^2+20^2} = \sqrt{625}$ = 25 cm

∴ ত্রিভুজের পরিমাপ = 15 + 20 + 25 = 60 cm

**47(D).** 20% কমার পর বেতন → 16000 × 80% = 12800

25% বাড়ার পর চূড়ান্ত বেতন → 12800 × 125% = 16000

**48(A).** $8x^3 + 27y^3 \Rightarrow (2x)^3 + (3y)^3$

$\Rightarrow (2x + 3y)^3 - 3\,2x\cdot 3y\,(2x + 3y) \Rightarrow 8^3 - 3\cdot 16(8) = 128$

$4x^2 + 9y^2 = 32 \Rightarrow (2x + 3y)^2 - 2\cdot 2x\cdot 3y = 32$

$\Rightarrow 2\cdot 6xy = 64 - 32 = 32 \Rightarrow 6xy = 16$

**49(B).** Simplification : √VODMAS

**50(C).** দুধ ও জল, মোট অংশ 3 + 2 = 5, ∴ প্রতি অংশ $\frac{30}{5} = 6$

দুধ → 3 × 6 → 18 লিটার, জল → 2 × 6 → 12 লিটার

দুধ ও জল 1 : 1 হতে হলে প্রয়োজন 12 + 6 = 18

অর্থাৎ আরো 6 লিটার জল।

**51(D). 52(A). 53(C). 54(A). 55(B). 56(C). 57(A). 58(A). 59(B). 60(B). 61(B). 62(C). 63(C). 64(B). 65(C). 66(B). 67(B). 68(B). 69(C). 70(D). 71(B). 72(B). 73(D). 74(B). 75(D). 76(B). 77(D). 78(A). 79(B). 80(D). 81(A). 82(C). 83(D). 84(C). 85(A). 86(D). 87(D). 88(C). 89(D). 90(A). 91(C). 92(D). 93(D). 94(B). 95(A). 96(A). 97(D). 98(C). 99(A). 100(C).**

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। প্রতিবছর ২৩ অক্টোবর সকাল ৬:০২ থেকে সন্ধ্যে ৬:০২ পর্যন্তরসায়ন জগতে কোন দিন উদযাপন করা হয় — মোল দিন (অ্যাভোগাড্রো সংখ্যা আবিষ্কারের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই দিনটি পালিত হয়)।

২। কোন জ্বালানি পোড়ালে প্রধানত সালফার ডাই অক্সাইড গ্যাস বাতাসে আসে — ডিজেল।

৩। রক্তচাপ মাপার জন্য কোন যন্ত্র ব্যবহার করা হয় — স্ফিগমোম্যানোমিটার।

৪। উদ্ভিদ কোশ থেকে জল বাষ্পাকারে বের হয়ে যাওয়ার নিয়মকে কী বলে — প্রস্বেদন।

৫। কারখানার চিমনির ধোঁয়া কোন পদ্ধতিতে চারিদিকে ছড়িয়ে পড়ে বায়ুদূষণ ঘটায় — ব্যাপন পদ্ধতিতে।

৬। ফিউজ তারে কোন ধাতুর পরিমাণ বেশি থাকে — সীসা (ফর্মুলা - Pb, পারমাণবিক সংখ্যা - 82)।

৭। মাছের পটকার অগ্রপ্রকোষ্ঠে গ্যাস উৎপাদনকারী অঙ্গকে কী বলে — রেডগ্রন্থি।

৮। পৃথিবীতে প্রথম আবিষ্কৃত অ্যান্টিবায়োটিক কোনটি — পেনিসিলিন (আলেকজান্ডার ফ্লেমিং ১৯২৮ সালে এটি শনাক্ত করেন)।

## ইতিহাস

৯। শেরশাহ সূরী'র শেষ অভিযান ছিল — কালিঞ্জর (১৫৪৫ সাল)।

১০। 'নিষাদ' কারা — অনার্য উপজাতি।

১১। 'আলমগীর নামা'র রচয়িতা হলেন — মির্জা মুহাম্মদ কাজিম।

১২। 'অন্ধকূপ হত্যাকাণ্ড' ঘটনাটি প্রচার করেন — হলওয়েল (সিরাজদৌল্লাকে কলঙ্কিত করার জন্য এই ঘটনাটি প্রচারিত হয়েছিল)।

১৩। মহম্মদ বিন তুঘলকের প্রবর্তিত মুদ্রাটির নাম হল — দোকানি (মহম্মদ বিন তুঘলকের শাসনকালে দেশে সোনা ও রুপোর অভাব দেখা যায়। এজন্য তিনি চিনের কুবলাই খানের অনুকরণে তামার মুদ্রার প্রচলন করেন)।

১৪। তাম্রলিপ্ত জাতীয় সরকার কত সাল পর্যন্ত কার্যকর ছিল — ১৯৪৪।

১৫। ভারতে, ইংরিজি শিক্ষা কার আমলে চালু হয় — লর্ড বেন্টিঙ্ক।

১৬। বিপিনবিহারী গঙ্গোপাধ্যায় কোন গুপ্ত সমিতির সঙ্গে যুক্ত ছিলেন — আত্মোন্নতি সমিতি।

## ভূগোল

১৭। ওড়িশার 'সুকিন্দা উপত্যকা' কোন রাসায়নিক উপাদানের বৃহত্তম আধার — ক্রোমিয়াম।

১৮। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে দেশের সর্বোচ্চ শতাংশ ম্যানগ্রোভ অরণ্য রয়েছে — পশ্চিমবঙ্গ (ভারতের মোট ম্যানগ্রোভ এলাকার প্রায় ৪২%)।

১৯। ভারতের কোন রাজ্যে 'চির বাট্টি' নামক প্রাকৃতিক ঘটনাটি দেখতে পাওয়া যায় — গুজরাত (এটি স্থানীয়দের ভাষায় ভয়ঙ্কর ভূতের আলো নামে পরিচিত)।

২০। ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি সয়াবিন উৎপাদন হয় — মধ্য প্রদেশ (প্রায় ৪৫%)।

২১। 'জাখম বাঁধ' ভারতের কোন রাজ্যে আছে — রাজস্থান।

২২। কোন দ্বীপ বিষুবরেখার সবথেকে কাছে — গ্রেট নিকোবর।

২৩। খাসি ও গারো ভারতের কোন রাজ্যের ভাষা — মেঘালয়।

২৪। ভারতের দৈনিক আবহাওয়ার মানচিত্র কোথায় তৈরি ও মুদ্রিত হয় — পুণে (ডেটা সেন্টার অফ ইন্ডিয়া মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্ট)।

## সাম্প্রতিক ঘটনা

২৫। নেপালের পর্যটন খাতকে চাঙ্গা করতে কোন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মের সঙ্গে অংশীদারিত্ব করল নেপাল ট্যুরিজম বোর্ড — টিক টক।

২৬। এই প্রথমবারের মতো, কোন রেলওয়ের ৫টি গুরুত্বপূর্ণ বিভাগ (অপারেশন, বাণিজ্যিক, অর্থ, নিরাপত্তা আর চিকিৎসা) মহিলা অফিসারদের নেতৃত্বে পরিচালিত হচ্ছে — দক্ষিণ-মধ্য রেলওয়ে।

২৭। 'ন্যাশনাল স্ট্যাটিসটিক্স অফিস'এর মাধ্যমে প্রকাশিত প্রথম ত্রৈমাসিক 'পিরিয়ডিক লেবার ফোর্স সার্ভে' অনুযায়ী, চলতি আর্থিক বছরের এপ্রিল-জুন সময়ের জন্য ভারতে বেকারত্বের হার ছিল কত ছিল — ৫.৪%।

২৮। কোথায় ভারতের প্রথম পুরোপুরি মহিলা পরিচালিত ক্লিন স্ট্রিট ফুড হাব 'মৌলি'র উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা উত্তর মুম্বইয়ের সাংসদ পীযুষ গোয়েল — মুম্বইয়ের কাছে কান্দিভানিতে।

২৯। 'প্যারালাল ওয়েব সিস্টেমস ইনকর্পোরেটেড' নামে একটি এআই স্টার্টআপ চালু করলেন কে — ভারতীয় বংশোদ্ভূত প্রযুক্তিবিদ তথা 'ট্যুইটার'এর প্রাক্তন সিইও পরাগ আগরওয়াল।

৩০। সফলভাবে প্রথম দেশীয় জল-দ্রবণীয় সার প্রযুক্তি উদ্ভাবন করল কোন দেশ — ভারত।

৩১। ভারতের ৭৯ তম 'স্বাধীনতা দিবস' উদযাপনের সম্মানে কোন দেশের সিয়াটলের ৬০৫ ফুট লম্বা স্পেস নিডেলে ভারতীয় পতাকা উত্তোলন করা হয়েছে — মার্কিন যুক্তরাষ্ট্র।

৩২। সম্প্রতি প্রয়াত লা গণেশন (৮০ বছর) ভারতের কোন রাজ্যের রাজ্যপাল ছিলেন — নাগাল্যান্ড (১৫ আগস্ট মারা যান তিনি)।

৩৩। এবছর ৭৯ তম 'স্বাধীনতা দিবস' উপলক্ষ্যে, লালকেল্লা থেকে মোট কত মিনিটের দীর্ঘতম ভাষণ দিয়ে ইতিহাস গড়লেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — ১০৩ মিনিট।

৩৪। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল 'অটল ক্যান্টিন' চালু করার সিদ্ধান্ত নিল — দিল্লি (এখানে গরিবদের জন্য মাত্র ৫ টাকায় খাবার সরবরাহ করা হবে)।

৩৫। মলদোভা প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — ড.মনোজ কুমার মহাপাত্র।

৩৬। সিবিআই'এর জয়েন্ট ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — কুলদীপ দ্বিবেদী।

৩৭। কোন বিমানবন্দর এআই-চালিত যাত্রী করিডোর ব্যবস্থা চালু করল — দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর (যাত্রীরা এই করিডোর দিয়ে হেঁটে গেলেই কৃত্রিম বুদ্ধিমত্তা, ফেসিয়াল রিকগনিশন আর বায়োমেট্রিক প্রযুক্তি ব্যবহার করে তাঁদের পরিচয় যাচাই হয়ে যাবে)।

৩৮। ভারতের প্রথম পুরোপুরি ডিজিটাল সাক্ষর রাজ্যের তকমা পেল কারা — কেরালা।

৩৯। উত্তর প্রদেশের শাহজাহানপুর জেলার জালালাবাদ শহরের নতুন নাম কী — পরশুরামপুরী।

৪০। ২০২৩-'২৪ সালে ভারতের সামুদ্রিক মাছ উৎপাদন মোট কত লাখ টনে পৌঁছেছে — ৪৪.৯৫।

৪১। ২০২৫ সালের 'মিস ইউনিভার্স



ইন্ডিয়া'র শিরোপা জিতলেন কে — রাজস্থানের মনিকা বিশ্বকর্মা।

৪২। জাহাজ চলাচল আর সরবরাহ খাতে সামুদ্রিক সহযোগিতা মজবুত করতে, কোন দেশের সঙ্গে একটি 'জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ' গঠন করল ভারত — সৌদি আরব।

৪৩। কোন রাজ্যের চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে মাঝারি পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র 'অগ্নি-৫' সফলভাবে পরীক্ষা করল ভারত — ওড়িশা (এটি দেশের প্রথম আর একমাত্র ভূমি থেকে ভূমিতে নিক্ষেপযোগ্য আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র)।

৪৪। কোন রাজ্যে নতুন ৬ লেনের ৮.১৫ কিলোমিটার লম্বা 'আন্টা-সীমারিয়া সেতু'র উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — বিহার।

৪৫। আনুষ্ঠানিকভাবে কোন দেশকে রুবেলা মুক্ত হিসাবে ঘোষণা করল 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' — নেপাল।

৪৬। কোন সালের মধ্যে চাঁদে একটি পারমাণবিক চুল্লি তৈরি করার সিদ্ধান্ত নিল মার্কিনি মহাকাশ সংস্থা 'নাসা' — ২০৩০ সাল।

৪৭। 'ভারত ডায়নামিক্স লিমিটেড'এর পরবর্তী ডিরেক্টর (প্রোডাকশন) হিসাবে নিযুক্ত হলেন কে — কমোডর সুজয় কাপুর।

৪৮। তুর্কমেন-ই-স্তানে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — বন্দারু উইলসনবাবু।

৪৯। পরিযায়ী শ্রমিকদের আর্থিক সুরক্ষা আর সামাজিক স্থিতিশীলতা প্রদানের লক্ষ্যে, 'শ্রমশ্রী' প্রকল্প চালু করল কোন রাজ্য — পশ্চিমবঙ্গ।

৫০। চলতি বছর ভারতে নিজেদের প্রথম অফিস খুলতে চলেছে মার্কিনি তথ্যপ্রযুক্তি সংস্থা তথা চ্যাটজিপিটি'র মূল প্রতিষ্ঠান 'ওপনএআই'। ভারতের কোথায় এটি তৈরি হবে — নয়াদিল্লি।

৫১। 'অ্যাসোসিয়েশন ফর ডেমোক্র্যাটিক রিফর্মস'এর একটি নতুন প্রতিবেদন অনুসারে, দেশের ৩০ জন মুখ্যমন্ত্রীর মধ্যে মোট কতজনের বিরুদ্ধে ফৌজদারি মামলা রয়েছে — ১২ জন (৪০%)।

৫২। পৌর কর্মীদের জন্য ১ কোটি টাকার জীবন বিমা কভারেজ ঘোষণা করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৫৩। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নতুন উপ-জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসাবে নিযুক্ত হলেন কে — অনীশ দয়াল সিং।

৫৪। ২০২৫ সালের আগস্টে, 'এশিয়া-প্যাসিফিক ইনস্টিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট'এর এক্সিকিউটিভ বোর্ডের চেয়ারম্যান নির্বাচিত হয়ে একটি বড় মাইলফলক অর্জন করল কোন দেশ — ভারত।

৫৫। ভারতীয় কর্মীদের জন্য ১০ লাখ চাকরির স্লট খুলেছে কোন দেশ — রাশিয়া।

৫৬। টোল প্লাজা কর্মীদের সন্তানদের শিক্ষার জন্য কোন প্রকল্প চালু করল 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া' — আরোহণ।

৫৭। পশুদের রক্ত সঞ্চালন আর পশু ব্লাড ব্যাঙ্কের জন্য প্রথম জাতীয় নির্দেশিকা প্রকাশ করল কোন দেশ — ভারত।


৫৮। গুজরাতের আহমেদাবাদের হানসালপুর প্ল্যান্ট থেকে, মারুতি সুজুকি'র প্রথম ব্যাটারি বৈদ্যুতিক গাড়ির মডেল 'ই ভিতারা' চালু করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫৯। ভারতের কোন রাজ্যের শেওপুর আর সিংগ্রাউলি'তে দু'টি নতুন সরকারি মেডিক্যাল কলেজের উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা — মধ্য প্রদেশ।

৬০। লিথুয়ানিয়ার প্রধানমন্ত্রী এখন কে — ইঙ্গা রুগিনিয়েনে।

৬১। 'ইউ-স্পেশাল' নামে বিশেষ বাস পরিষেবা চালু করল কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল — দিল্লি (দিল্লি বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের জন্য এই বাস পরিষেবা চালু হয়েছে)।

৬২। ২০২৫-'২৬ সালের জন্য, 'স্বর সম্রাট পণ্ডিত বাসবরাজ রাজগুরু



জাতীয় পুরস্কার'এর পেলেন কে — পুণের হিন্দুস্তানি কণ্ঠশিল্পী পণ্ডিত সুহাস ব্যাস।

৬৩। কোথায় ভারতের প্রথম পূর্ণাঙ্গ 'আউটসোর্সড সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি অ্যান্ড টেস্ট' পাইলট লাইন সুবিধাগুলির একটি উদ্বোধন করলেন কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আর গুজরাতের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল — গুজরাতের সানন্দ।

৬৪। কাকে ভারত ও এশিয়া-প্যাসিফিক অঞ্চলের শিক্ষা প্রধান হিসাবে নিযুক্ত করল ওপনএআই — রাঘব গুপ্তা।

৬৫। কানাডায়, ভারতের পরবর্তী হাইকমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — দীনেশ কে.পট্টনায়েক।

৬৬। ভারতের কোন হাসপাতালে অত্যাধুনিক ALLY অ্যাডাপটিভ ক্যাটারাক্ট ট্রিটমেন্ট সিস্টেম ব্যবহার করে রোবোটিক কাস্টম লেজার ছানি অস্ত্রোপচার করা হয়েছে — নয়াদিল্লির 'আর্মি হসপিটাল রিসার্চ অ্যান্ড রেফারেল' (এটি হল ভারতের প্রথম তথা দক্ষিণ এশিয়ার দ্বিতীয় সরকারি প্রতিষ্ঠান, যেখানে এই অস্ত্রোপচার করা হয়েছে)।

৬৭। ভারতের প্রথম রাজ্য হিসাবে, বেওয়ারিশ কুকুর সম্পর্কে সুপ্রিম কোর্টের আদেশ কার্যকর করল কারা — রাজস্থান।

৬৮। ২০২৫ সালে ১৯ তম বহুপাক্ষিক মহড়া 'ব্রাইট স্টার' কোথায় হয়েছে — মিশর (২৮ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বর)।

৬৯। 'সোলার এনার্জি কর্পোরেশন অফ ইন্ডিয়া'র ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — আকাশ ত্রিপাঠী।

৭০। 'নায়ারা এনার্জি'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — তেমুর আবাসগুলিয়েভ।

৭১। ভারতের কোন কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী নিজেদের প্রথম পুরোপুরি মহিলা কম্যান্ডো ইউনিট চালু করল — সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স।

৭২। সৌর ঝড়ের পূর্বাভাসে বিপ্লব ঘটাতে, একটি যুগান্তকারী এআই মডেল 'সূর্য' তৈরি করল কোন দুই সংস্থা — নাসা আর আইবিএম।

৭৩। 'জাতীয় মহাকাশ দিবস' কবে পালিত হয় — ২৩ আগস্ট।

৭৪। 'আন্তর্জাতিক কুকুর দিবস' কবে পালিত হয় — ২৬ আগস্ট।

৭৫। 'নারী সমতা দিবস' কবে পালিত হয় — ২৬ আগস্ট।

৭৬। 'টাটা ডিজিটাল'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — সজিথ শিবানন্দন।

৭৭। 'গগনযান' মিশনের জন্য সফলভাবে প্রথম ইন্টিগ্রেটেড এয়ার ড্রপ টেস্ট সম্পন্ন করল কোন সংস্থা — ইসরো।

৭৮। কাকে নতুন উপ-জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসাবে নিযুক্ত করল কেন্দ্রীয় সরকার — অনীশ দয়াল।

৭৯। আনুষ্ঠানিকভাবে 'ইন্টারন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়েন্স'এ যোগ দিল

## খেলাধূলা

৮০। বুলগেরিয়ায়, 'অনূর্ধ্ব-২০ কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ৫৭ কেজি ফ্রিস্টাইল বিভাগে রুপোর পদক পেলেন কো ভারতীয় — সুমিত মালিক (রাশিয়ার মোগামেদ আজামিরো'কে হারিয়ে)।

৮১। ২০২৫ সালে 'এশিয়া কাপ'এ ভারতীয় দলের অধিনায়ক ছিলেন কে — সূর্যকুমার যাদব।

৮২। মার্কিন যুক্তরাষ্ট্রের স্পোকেনে, 'আইটিটিএফ ওয়ার্ল্ড প্যারা এলিট টেবল টেনিস চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের সিঙ্গলস ক্লাস ৪-৫ বিভাগে সোনার পদক পেলেন কে — ভাবিনা প্যাটেল।

৮৩। ২০২৫ সালে ইপোহে 'মালয়েশিয়া আন্তর্জাতিক চ্যালেঞ্জ'এ মহিলাদের সিঙ্গলস বিভাগে জিতে, নিজের প্রথম আন্তর্জাতিক চ্যালেঞ্জ খেতাব জিতলেন কে — ভারতীয় শাটলার দেবিকা সিহাগ।

৮৪। ইজরায়েলে, 'গ্র্যান্ড স্লাম জেরুজালেম অ্যাথলেটিক্স মিট'এ মহিলাদের ২,০০০ মিটার স্টিপলচেজ রেসে সোনার পদক পেলেন কে — ভারতের অঙ্কিতা ধ্যানি (৬ মিনিট ১৩.৯২ সেকেন্ড সময় নিয়ে)।

৮৫। ২০২৫ সালে প্রথমবারের মতো 'এশিয়ান ওপন শর্ট ট্র্যাক স্পিড স্কেটিং ট্রফি' আয়োজন করেছে কোন দেশ — ভারত (২০ থেকে ২৩ আগস্ট)।

৮৬। ২০২৫ সালে ব্যাডমিন্টনে, 'সাইপান ইন্টারন্যাশনাল'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — ভারতীয় শাটলার তানিয়া হেমন্ত (জাপানের কানায়ে সাকাই'কে ১৫-১০ ও ১৫-৮ ব্যবধানে হারিয়ে)।

৮৭। প্রয়াত বব সিম্পসন (৮৯ বছর) কোন দেশের ক্রিকেটার ছিলেন — অস্ট্রেলিয়া (১৬ আগস্ট মারা যান তিনি)।

৮৮। ৫ বছরের জন্য সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ হওয়া, সালিয়া সামান কোন দেশের ক্রিকেটার — শ্রীলঙ্কা।

৮৯। লাওসের ভিয়েনতিয়েনে, 'বিশ্ব টেবল টেনিস ফিডার'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — ভারতের জি.সাথিয়ান (জাপানের রিওইচি ইয়োশিয়ামা'কে ১১-৪, ১১-৬ ও ১২-১০ ব্যবধানে হারিয়ে)।

**সঙ্কলক : পলি দেওয়ান**

## বহরমপুরে কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ১০ ও ১১ এপ্রিল, শুক্রবার ও শনিবার বহরমপুর শহরের 'জলসাঘর'এ (বহরমপুর শিল্পতালুক, বহরমপুর স্টেশনের পাশে)) এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

১০ ও ১১ এপ্রিল বহরমপুরের জলসাঘরে 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে : (১) প্রগতি (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) রাইস এডুকেশন, (৩) জে.আই.এস গ্রুপ, (৪) চিৎকারা ইউনিভার্সিটি, (৫) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৬) ডলফিন স্কুল অফ হোটেল ম্যানেজমেন্ট, (৭) ডিসান অ্যাকাডেমি, (৮) সিকম স্কিল ইউনিভার্সিটি, (৯) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১০) ড. বি.সি.রায় কলেজ, (১১) বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১২) এনডেভর স্কুল অফ প্রফেশনাল এডুকেশন, (১৩) বি.এন.জি. হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, (১৪) টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি, (১৫) সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি, (১৬) এন.আই.এইচ.টি, (১৭) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (১৮) বি.এস.এইচ.এম, (১৯) আপগ্রেড স্কুল অফ টেকনোলজি, (২০) কলেজ ভাইভ, (২১) বিকেয়ার পলিটেকনিক, (২২) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (২৩) নির্মলা ফাউন্ডেশন, (২৪) আইআইসি.এইচ.এম, (২৫) বজবজ ইনস্টিটিউট অফ টেকনোলজি অ্যান্ড জিমস, (২৬) গ্লোবাল নলেজ ক্যাম্পাস, (২৭) ল' পয়েন্ট, (২৮) এয়ারওয়ে ইন্ডিয়া অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট কলেজ, (২৯) অ্যাসপায়ার অ্যাকাডেমি, (৩০) মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার, (৩১) জে.এন.এম.এস. এডুকেশনাল হাব।

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

## ডি.আর.ডি.ও.'এ ৩৮ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, দিল্লি : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের ডি.আর.ডি.ও.'এর অধীন ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস আই.টি.আই. অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস হিসাবে ৩৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যাল ১টি, ইলেক্ট্রনিক্স ১টি, মেকানিক্যাল ১টি, সি.ও.পি.এ. ১টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** পলিটেকনিক থেকে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি, মেডিক্যাল ল্যাব টেকনোলজি, মডার্ন অফিস প্র্যাক্টিস (ইংরিজি ও হিন্দি) / অফিস ম্যানেজমেন্ট, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি-২টি, মেডিক্যাল ল্যাব টেকনোলজি-৩টি, মডার্ন অফিস প্র্যাক্টিস (ইংরিজি ও হিন্দি) / অফিস ম্যানেজমেন্ট-৩টি, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স- ১টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** বি.এসসি. (বায়োলজি, কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক, কম্পিউটার সায়েন্স), ফার্মাসির ডিগ্রি, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : বি.এসসি. (বায়োলজি, কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক, কম্পিউটার সায়েন্স)-২১টি, ফার্মাসি-২টি, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স-২টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর মেধা তালিকা তৈরি হবে। ১২ মাসের ট্রেনিং।

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম এনরোল করতে হবে, ৩০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in

## মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে কয়েক হাজার ক্লার্ক, লাইব্রেরিয়ান

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন এক বিজ্ঞপ্তিতে (বিজ্ঞপ্তি নং : WBMSC/Recruitment Notice /07/ 2026, Dated-10.03.2026) মাদ্রাসায় ক্লার্ক, লাইব্রেরিয়ান ও প্রধান শিক্ষক-শিক্ষিকা / সুপারিন্টেন্ডেন্ট পদে নিয়োগের কথা জানায়। ক্লার্ক ও লাইব্রেরিয়ান পদে নিয়োগ হবে 2nd SLST (NT), 2026'এর মাধ্যমে আর প্রধান শিক্ষক-শিক্ষিকা / সুপারিন্টেন্ডেন্ট পদে নিয়োগ হবে 8th SLST, 2026'এর মাধ্যমে।

কোন ক্যাটেগরিতে কারা আবেদন করতে পারেন :

**ক্লার্ক :** মাধ্যমিক, মাদ্রাসা পাশ বা, আলিম পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার-সহ টাইপিং দক্ষতা থাকতে হবে। অন্তত এক বছরের কম্পিউটারের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। মাদ্রাসা এডুকেশন সিস্টেম, ইসলামিক স্টাডিজ অ্যান্ড কালচার বিষয়ে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮-৪০ বছরের মধ্যে।

**লাইব্রেরিয়ান :** কামিল, এম.এম., এম.এফ., এম.ইউ. কিংবা আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি /ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, মাস্টার ডিগ্রি কোর্সের যে কোনো একটিতে আরবি বিষয় নিয়ে পাশ হতে হবে কিংবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আরবি বিষয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। মাদ্রাসা এডুকেশন সিস্টেম, ইসলামিক স্টাডিজ অ্যান্ড কালচার বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে।

**প্রধান শিক্ষক, প্রধান শিক্ষিকা, মাদ্রাসার সুপারিন্টেন্ডেন্ট :** এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী যোগ্যতা থাকতে হবে। ইসলামিক স্টাডিজ ও ইসলামিক কালচারে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৫৫ বছরের মধ্যে।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে মাদ্রাসা সার্ভিস কমিশন। টিচিং ও নন-টিচিং সব পদের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের লিখিত পরীক্ষা হবে। তারপর হবে ইন্টারভিউ।

**ক্লার্ক,** লাইব্রেরিয়ান পদের বেলায় প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা দিতে হবে। তাতে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে মেনস পরীক্ষা দিতে হবে। লাইব্রেরিয়ান পদের বেলায় ৯০ নম্বরের মেনস পরীক্ষা হবে। তারপর হবে ১০ নম্বরের ইন্টারভিউ। ক্লার্ক পদের বেলায় ৭০ নম্বরের মেনস পরীক্ষা হবে। তারপর ১০ নম্বরের কম্পিউটার টাইপিং টেস্ট ও ১০ নম্বরের ইন্টারভিউ দিতে হবে। মাদ্রাসা সার্ভিস কমিশন সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বের করেছে। খুব শিগগিরই দরখাস্ত নেওয়া শুরু হবে। বিস্তারিত তথ্য যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbmsc.com




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com